

العقبدة الصحيحة وما يضادها

الشيخ عبدالعزيز بن ب

ترجمة محمد رقيب الد মৃলঃ-মহামান্য শায়খ আব্দুল আয়ীয বিন আব্দুল্লাহ বিন বায

> ভাষাভরেঃ-মোহাম্মদ রকীবুদ্দীন আহমাদ হুসাইন

মূল:মহামান্য **শায়ৰ আকৃল আবীৰ** বিন আকুয়াহ বিন বায

ভাষাস্তরে:-নোহাম্মদ রকীবৃদীন আহমদ হুসাইন

العقيدة الصحيحة ومايضادها

للثيخ عبدالعزيز بن عبدالله بن بــــاز ترجمـــة صحمد رقيب الدين أحمد حسين بن باز، عبد العزيز بن عبد الله بن باز

۲۱٤ ب ع ع

العقيدة الصحيحة وما يضادها / عبد العزيز بن عبد الله بن باز، نقله الى اللغة البنغالية محمد رقيب الدين احمد حسين. [الرياض]: الرئاسة العامة لادارات البحوث العلمية والافتاء والدعوة والارشاد، ١٤١٣ هـ

4.3 ص
 باللغة البنغالية
 ١ المقيدة الاسلامية - أ . العنوان ب . حسين،
 محمد رقب الدين احمد

القهـــرس

الموضــوع	
العقيدة الصحيحة وشروطها الستة	
الشرط الأول: الإيمان بالله	
الشرط الثاني: الإيمان بالملائكة	
الشرط الثالث: الإيمان بالكتب	
الشرط الرابع: الإيمان بالرسل	
الشرط الخامس: الإيمان بالآخرة	
الشرط السادس: الإيمان بالقدر	
مواضع تدل على كمال الإيمـــان	
(الحب في الله والبغض في الله)	
تغريف أهل السنة والجماعة	
مشركو أهل هذا الزمــــان	
ما يضاد العقيدة الصحيحة	

আল্লামা শায়খ বিন বাযের সংক্ষিপ্ত পরিচয়

আল্লামা শায়ৰ আবদুল আযায বিল আবদুল্লাহ বিল বায বর্তমান মুসলিম বিশ্বে এক সুপরিচিত ইসলামী ব্যক্তিত্ব। অনন্য প্রস্তা, অসাধারণ পাণ্ডিত্ব, উদার চরিত্রে এবং ইসলাম ও মুসলমানদের স্বার্থে নিরলস খেদমতের জন্য দেশ ও মাযহাব নির্বিশেবে তিনি সকলের কাছে সমাদৃত। বিশ্ব মুসলিমের ঐক্য ও সংহতি প্রতিষ্ঠায় এবং ইসলাম বিরোধী নানা চক্রান্ত ও কলা—কৌশলের বিরুদ্ধে তাঁর অকুতোভর জিহাদ সর্বত্র প্রশংসনীয়। কুরআন ও সুরাতে বর্ণিত খাঁটি ইসলামী আন্থীদার প্রচার এবং কাল—পরিক্রমায় মুসলিম সমাজের জটবাঁধা কুসন্ধোর ও বিদ্যোতের প্রতি অঙ্গুলি নির্দেশের মাধ্যমে উন্মাতের কাছে ইসলামের প্রকৃত রূপে পুনঃস্থাপনের টেরায় তিনি নিয়োজিত। ভাওহীদের প্রতিষ্ঠা ও সুরাতে রাস্লোর বান্তবায়ন সক্রোন্ত ব বাতিলের পার্থক্য ও প্রতিষ্ঠানিক ব্যস্থতার মুব্য অংশ। হক ও বাতিলের পার্থক্য নির্দ্ধারণে কখনও কোন শঙ্কা বা প্রলোভন তাঁর অকুতোভর চরিত্রকে প্রভাবিত করতে পারেনি।

আল্লামা শায়ধ বিন বাব ১৩৩০ হিজরীর জিলহাজ্জ নাসে সৌদী আরবের রাজধানী রিয়াদ শহরে জন্ম গ্রহণ করেন। ছাত্র জীবনের প্রথম দিকে তাঁর দৃষ্টিশক্তি ভালই ছিল। ১৩৪৬ সনেই তাঁর চোধে প্রথম রোগ দেখা দের এবং এর ফলে তাঁর দৃষ্টিশক্তি দুর্বল হয়ে পড়ে। জতঃপর, ১৩৫০ সনের মুহাররাম মাসে অর্থাৎ বিশ ধ্বর বয়সে তাঁর দৃষ্টিশক্তি সম্পূর্ণভাবে লোপ পায়। এ সম্পর্কে তিনি বলেনঃ "আমার দৃষ্টিশক্তি হারানোর উপরও আমি আল্লাহ পাকের সর্ববিধ প্রশত্যা জ্ঞাপন করি। আল্লাহ পাকের কাছে দোয়া করি তিনি যেন এর পরিবর্তে দুনিয়াতে জ্ঞান ও প্রজ্ঞা এবং আধিরাতে উত্তম প্রতিফল দান করেন, যেমন তিনি তাঁর রাসূল মুহাখাদ সাল্লাল্লাহ আলাইহি ওসাল্লামের ভাষায় এই সম্পর্কে প্রতিশ্রুতি দিয়েছেন। আমি আল্লাহ পাকের কাছে আরো দোয়া করি তিনি যেন দুনিয়াতে ও আধিরাতে আমার শুভ পরিণতি দান করেন।"

বাল্যকাল হতেই শায়ধ বিন বায লেখাপড়া শুরু করেন। বালেগ হওয়ার পূর্বেই তিনি কোরআন শরীফ হিফ্জ করে ফেলেন। মঞ্চার খ্যাতনামা ক্বারী শায়ধ সা'দ ওক্কাস আল–বুখারীর নিকট তাজবীদ শিক্ষা লাভ করেন। অতঃপর তিনি সৌদী আরবের তৎকালীন গ্রাভমূফ্তী মুহামাদ বিন ইব্রাহীম বিন আবদূল লতীফ আলে শায়ধ সহ দেশের খ্যাতনামা আলেমগণের নিকট শরীআতের বিভিন্ন শাব্রেও আরবী ভাষায় গভীর শিক্ষা লাভ করেন। গ্রাভমূফ্তী শায়ধ মুহামাদ বিন ইব্রাহীমের নিকট একাধারে তিনি দশ বছর বিভিন্ন ধর্মীয় বিষয়ে হাতে কলমে শিক্ষা গ্রহণ করেন।

১৩৫৭ সনে উক্ত শার্যথ মুহামাদ বিন ইব্রাহীমের প্রন্তাবানুযায়ী তিনি রিয়াদের অদ্রে আল—খারজ এলাকার বিচারপতি নিযুক্ত হন। দীর্ঘ টোদ্দ বছর বিচারপতির দায়িত্ব পালনের পর ১৩৭২ সনে রিয়াদ প্রত্যাবর্তন করেন এবং রিয়াদ মাহাদে ইল্মীতে শিক্ষকতার কাজে নিয়োজিত হন। এর এক বছর পর তিনি রিয়াদের শরীআত কলেজে অধ্যাপনার কাজ শুরু করেন। দীর্ঘ নয় বছর এই কলেজে তিনি ফিক্হ, তাওহীদ ও হাদীস শাস্ত্রে শিক্ষা দান করেন। ১৩৮১ সনে যখন মদীনায় ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় তখন শায়খ বিন বায এর প্রথম ভাইস চালেলর পদ অলম্বৃত করেন। ১৩৯০ সনে তিনি বিশ্ববিদ্যালয়ের চালেলরের পদে উন্নীত হন এবং ১৩৯৫ সন পর্যন্ত এই পদে বহাল থাকেন। অতঃপর ১৩৯৫ সনে বাদশাহী এক ফরমানের অধীনে তাঁকে "ইসলামী গবেষণা, ফাত্ওয়া, দাওয়াত ও

ইরশাদ" দারক্ষ ইফ্তা নামক সৌদী আরবের সর্বোচ্চ ধর্মীয় প্রতিঠানের প্রধান নিয়োগ করা হয়। অদ্যাবদি, তিনি এই গুরুত্বপূর্ণ পদে সাফল্যের সাথে দায়িত্ব পালন করে যাছেন।

উক্ত দায়িত্বের পাশাপাশি আরো অনেক সহযোগী সংস্থার সাথে শায়খ বিন বায় জড়িত রয়েছেন। যেমনঃ

- ১। সদস্য, উচ্চ উলামা পরিষদ, সৌদী আরব।
- ২। প্রধান, স্থায়ী ইসলামী গবেষণা ও ফাত্ওয়া কমিটি।
- ৩। প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট ও সদস্য, রাবেতায়ে আলমে ইসলামী।
- 8। প্রেসিডেন্ট, আন্তর্জাতিক মসজিদ সংক্রোন্ত উচ্চ পরিষদ।
- ৫। সদস্য, উচ্চ পরিষদ, মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়।
- ७। व्यितिए हे, देननाभी किक्ट পतियम, मका नतीक।
- ৭। সদস্য, উচ্চ কমিটি দাওয়াতে ইসলামী, সৌদী আরব।

আল্লামা শায়ধ বিন বায ছোট-বড় অনেক মূল্যবান গ্রন্থের রচয়িতা। তনাধ্যে সঠিক ধর্ম বিশ্বাস ও উহার পরিপন্থী বিষয়, ইসলামের দৃষ্টিতে আরব জাতীয়তাবাদ, আল্লাহর দিকে আহবান ও আহবানকারীর চরিত্র, সুরাতে রাসূল আঁকড়ে ধরা, বেদআত থেকে সতর্ক থাকা অপরিহার্য, হাচ্ছ, উমরা ও যিয়ারত সম্পর্কিত বিষয়াদির বিশ্লেষণ, আল্লাহর পথে জিহাদ ইত্যাদি। এ ছাড়া শরহ আকীদায়ে তাহাতীয়া ও ফাতহল বারী শারহ বুখারী সহ কয়েকটি গ্রন্থের উপর তাঁর টিকা রয়েছে।

সম্প্রতি শায়খ বিন বাযের বিভিন্ন বক্তা, রচনা, প্রশ্নোন্তর ও পত্রাবলী একত্রে সংস্কলনের কাজ শুরু হয়েছে। মাজ্যু ফাতাওয়া ও মাকালাত মুতানাওয়ীয়া (مجموع فتاوى ومقا لات متنوعه) শিরোনামে এই সংকলনের প্রথম চার খন্ড ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে। ৫ম ও ৬ট খণ্ডের কাজ সমান্তির পথে। সংকলনের প্রথম ছয় খণ্ডই তাওহীদ ও তার আনুসাঙ্গিক বিষয়াদির উপর। পরবর্তী খন্ড– গুলোতে বৰাক্ৰমে হাদীস, সালাত্, সিল্লাম, যাকাড, হাজ্জ ইড্যাদি জন্তৰ্ভুক্ত হবে।

"ইসলামী গবেষণা" পত্রিকার সম্পাদক এবং শায়ধ বিন বাষের বিশেষ উপদেষ্টা ডঃ মুহামাদ বিন সা'দ আল-শুয়াইর এর ভত্ত্বাবধানে আমার উপর এই সংকলনের দায়িত্ব অর্পিত হওয়ায় আমি নিজেকে ধন্য মনে করছি। এই মহান দায়িত্ব পালনে আল্লাহ পাকের বিশেষ ভাওফীক কামনা করি।

আল্লামা শায়ধ বিন বাব বিভিন্ন রক্মের গুরুদায়িত্ব পালনে লিঙ থাকা সত্ত্বেও দাওয়াত, দরস ও ওয়াজ নসীহতের কর্তব্য থেকে কথনও বিচাত হননি। সৎকাজের আদেশ ও অসংকাজে নিবেধ থেকে কোন উপলক্ষ বাদ পড়েনি। আল-খারজ এলাকার বিচারপতি থাকাকালীন সেখানে দরস ও ওয়াজ নসীহতের হালকা প্রবর্তন করেন। রিয়াদ প্রভ্যাবর্তনের পর রিয়াদস্থ প্রধান জামে মসজিদে বে দরসের প্রবর্তন করেছিলেন তা আজও জারী রয়েছে। মদীনার থাকা কালীন সেখানেও দরসের হালকা প্রবর্তন করেন। এমন কি সাময়িক ভাবে কোন শহরে স্থানান্তরিত হলে সেখানেও তিনি দরসের হলকা জারী করেন। এতথাতীত, সময়ের সময়ে বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে ইসলামের বিভিন্ন বিষয়ে সারগর্ত বক্তৃতা ও উপদেশ প্রদানের স্থোগও তিনি হাত ছাড়া করেন না।

আল্লাহ পাক তাঁকে ইসলাম ও মুসলমানদের খেদমতের জন্য আরো তাওফীক এবং ইহকাল ও পরকালে ভঙ পরিণতি দান করুন। আমীন।

> অনুবাদক মুহামাদ রকীবৃদ্দীন হসাইদ মাহে রামাযান, ১৪১১ হি**দ্রী**



পর্ম করুণামর মেহেরবান খাল্লাহ্র নামে শুরু করছি সঠিক ধর্ম –বিশ্বাস ও উহার পরিপন্থী বিষয়

সমন্ত প্রশংসা একমাত্র আল্লাহ্র জন্য, দর্মদ ও সালাম সর্বশেষ নবী হজরত মুহামদ, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীগণের উপর।

যেহেতু সঠিক ধর্ম বিশ্বাসই ইসলাম ধর্মের মূল উপাদান ও মিল্লাতে ইসলামীর প্রধান ভিত্তি, তাই উহাকেই জব্র প্রবন্ধের আলোচ্য বিষয় রূপে গ্রহণ করার সিদ্ধান্ত নিলাম কুরুআন ও সুল্লাতে বর্ণিত পরীয়াতি প্রমাণাদির দ্বারা একথা সুস্পষ্টরূপে পরিজ্ঞাত রয়েছে যে, যাবতীয় কথা—বার্তা ও কার্যানশী কেবল তখনই আল্লাহ্ তা'আলার নিকট সঠিক বলে শ্বীকৃত ও গৃহীত হয় যখন উহা 'বিশুদ্ধ আকীদা' অর্থাৎ সঠিক ধর্ম বিশ্বাসের ভিত্তিতে সম্পাদিত হয়ে থাকে। আর, যদি আকীদা বিশুদ্ধ না হয় তাহলে উহার ভিত্তিতে সম্পাদিত যাবতীয় কথা ও কান্ধ আল্লাহ্র নিকট বাতেল বলে গণ্য হয়। আল্লাহ্ তা আলা বলেনঃ

﴿ وَمَن يَكُفُرُ بِٱلْإِيمَنِ فَقَدْ حَبِطَ عَمَلُهُ وَهُوَ فِ ٱلَّاخِرَةِ مِنَ ٱلْخَسَرِنَ ﴾

'যে কেহ ঈমান প্রত্যাখ্যান করবে তার সমস্ত কাজ অবশ্যই বিফলে যাবে এবং সে পরকালে ক্ষতিগ্রন্থদের অন্তর্ভুক্ত হবে।' (সুরা মায়েদা– ৫)

আল্লাহ্ তা'আলা আরো বলেনঃ

﴿ وَلَقَدْ أُوحِىَ إِلَيْكَ وَإِلَى ٱلَّذِينَ مِن قَبْلِكَ لَهِنَ أَشْرَكُتَ لِيَحْبَطُنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ ٱلْخَنِيرِينَ ﴾

'ভোমার প্রতি এবং ভোমার পূর্বে জতীত সমস্ত নবী রাসূলগণের প্রতি জবশ্যই এ বার্তা পাঠানো হয়েছে, তুমি যদি জাল্লাহর সাথে শিরক কর ভাহলে ভোমার সমস্ত কাজ জবশ্যই বৃথা হয়ে যাবে, জার তুমি নিঃসন্দেহে বিষম ক্ষতিগ্রন্থদের জন্তর্ভুক্ত হবে।' (সূরা যুমার – ৬৫)

এই অর্থের স্বপক্ষে কুরআন শরীফে বর্ণিত আয়াতের সংখ্যা অনেক।
আল্লাহ্ তা'আলার অবতীর্ণ সুস্পট্ট কিতাব ও তাঁর বিশ্বন্ত রাস্লের (আল্লাহ্
তা'আলা তাঁর উপর সর্বোন্তম রহমত ও শান্তি বর্ষণ করুল) বর্ণিত সুরাত্
দ্বারা প্রমাণিত আছে যে, বিশুদ্ধ আকীদার সার কথা হলোঃ আল্লাহ্
তা'আলার উপর, তাঁর ফেরেশতাগণ, কিতাব সমূহ ও রাস্লগণের উপর,
আব্বেরাতের দিন এবং তাগ্যের মঙ্গল—অমঙ্গলের উপর বিশ্বাস স্থাপন করা।
এ ছয়টি বিশ্বয়ই হলো সেই সঠিক ধর্মবিশ্বাসের মৌলিক বিশ্বয়্যবন্ত্ব বা
নীতিমালা, যা নিয়ে নাজেল হলো আল্লাহ্র মহান গ্রন্থ কুরআন শরীফ এবং
প্রেরিত হলেন আল্লাহ্র প্রিয় নবী হজরত মূহাম্মদ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া
সাল্লাম। এই মৌলিক নীতিমালারই শাখা—প্রশাঝা হলো অদৃশ্য বিষয়াদি
এবং আল্লাহ্ ও তাঁর রাস্ল কর্তৃক প্রদন্ত যাবতীয় খবরাখবর, যেগুলোর
প্রতি বিশ্বাস স্থাপন করা প্রত্যেকের জন্য অপরিহার্য। উক্ত ছয় নীতিমালার
স্বপক্ষে কুরআন ও সুরাতে তুরি তুরি প্রমাণাদি রয়েছে। তন্মধ্যে আল্লাহ্
তা'আলার নিম্মাক্ত বাণীগুলি সবিশেষ প্রণিধানযোগ্য।

আল্লাহ্ ভা'আলা বলেনঃ

﴿ لَيْسَ ٱلْبَرَ أَن ثُولُوا وُجُوهِكُمْ فِهَلَ الْمَشْرِقِ وَالْمَشْرِبِ وَلَكِنَّ ٱلْبِرَّ مَنْ ءَامَنَ بِاللَّهِ وَالْيَوْمِ ٱلْآخِرِ وَالْمَلَةِ كَهِ وَالْكِئْبِ وَالنَّيْتِيْنَ ﴾

'ভোমরা পূর্বদিকে মুখ করলে কি পশ্চিম দিকে, তা প্রকৃত কোন পূণ্যের ব্যাপার নহে। বরং প্রকৃত পূণ্যের কাজ হলো, যে আল্লাহ তা'জালা, পরকাল ও ফেরেশতাঞ্চল, অবতীর্ণ কিতাব সমূহ এবং প্রেরিত নবীগণের প্রতি নিষ্ঠার সাথে বিশাস স্থাপন করলো।'

(সূরা বাকারা- ১৭৭)

আল্লাহ্ তা'আলা বলেনঃ

﴿ وَامَنَ الرَّسُولُ بِمَا آنوِلَ إِلَيْهِ مِن زَيِهِ وَالْمُؤْمِنُونَ كُلُّ وَامَنَ بِاللَّهِ وَمَلَتَهَ كَيْهِ وَكُنْهُو وَدُسُلِهِ لَانْفَرِقُ بَيْنَ آحَدِةِن رُّسُلِهِ ﴾

'রাসূল সেই হেদায়াতকেই (পথ নির্দেশ) বিশ্বাস করেছেন যা বীয় প্রতিপালকের নিকট হতে তাঁর প্রতি নাজেল হয়েছে, আর মুমেনগণও সেই হেদায়াতকে মেনে নিয়েছে। তাঁরা সকলেই আল্লাহ তা'আলা, তাঁর ফেরেশতাগণ, কিভাব সমূহ এবং রাসূলগণের প্রতি বিশ্বাস স্থাপন করেছে। তারা বলেঃ আমরা আল্লাহ্র রাসূলগণের মধ্যে কোন ভেদাভেদ করি না।'} (সূরাবাকারা-২৮৫)

সঠিক ধর্ম বিশাস ও উহার পরিপন্থী বিষয় আল্লাহ্ তা'আলা অন্যত্র বলেনঃ

﴿ يَّنَأَيُّهَا ٱلَّذِينَ مَامَنُوٓا مَامِنُوا بِاللّهِ وَرَسُولِهِ وَٱلْكِتَبِ ٱلَّذِينَ مَامَنُوٓا مَامِنُوا بِاللّهِ وَرَسُولِهِ وَٱلْكِتَبِ ٱلَّذِي َلَمْزَلَ مِن قَبْلُ وَمَن يَكُمُرُ بِاللّهِ وَمَالَةٍ كَانِي مَا لَكُمْ مِاللّهِ مَا لَكُورِ الْآخِرِ فَقَدْضَلَ ضَلَالًا بَعِيدًا ﴾ يَكُمُرُ بِاللّهِ وَمَانَةٍ كَنْهِ وَرُسُلِهِ وَالْيَوْمِ ٱلْآخِرِ فَقَدْضَلَ ضَلَالًا بَعِيدًا ﴾

'হে ঈমানদারগণ, তোমরা আল্লাহ্র প্রতি, তাঁর রাস্লের প্রতি এবং সেই কিতাবের প্রতি বিশ্বাস স্থাপন কর, যা আল্লাহ শ্বীয় রাস্লের প্রতি নাজেশ করেছেন। আর, সেইসব কিতাবের প্রতিও বিশ্বাস স্থাপন কর, যা এর পূর্বে তিনি নাজেশ করেছেন। আর যে ব্যক্তি আল্লাহ, তাঁর ফেরেশতাগণ, কিতাব সমূহ ও রাস্লগণ এবং পরকাল অশ্বীকার করবে সে ভীষণভাবে পঞ্চেষ্ট হয়েপড়বে।' (সূরা নিসা-১৩৬)

আল্লাহ্ তা'আলা আরো বলেনঃ

﴿ أَلَوْ تَعْلَمُ أَنَ اللَّهَ يَعْلَمُ مَا فِي ٱلسَّكَمَآءِ وَٱلأَرْضِ ۚ إِنَّ ذَلِكَ فِي كِتَنْ إِنَّ ذَلِكَ عَلَى اللَّهُ يَسِيرُ ﴾ عَلَى اللَّهُ يَسِيرُ ﴾

'তোমার কি জানা নেই যে, আসমান-জমীনের সবকিছুই আল্লাহর জ্ঞানের আওতাভুক্ত, সবকিছুই একটি কিতাবে লিপিবদ্ধ রয়েছে। এ তো আল্লাহর পক্ষে অতি সহজ।' (সূরা হচ্জ-৭০)

উপরোক্ত নীতিমালার প্রমাণে সহীহ হাদীসের সংখ্যাও অনেক। তনাধ্যে সেই সুপ্রসিদ্ধ সহীহ হাদীসটি বিশেষভাবে উল্লেখযোগ্য, যা ইমাম মুসলিম খীয় সহীহ হাদীস গ্রন্থে আমীরুল মুমিনীন হজরত উমর বিন খান্তাব রোজিয়াল্লাছ আন্ছ) হতে বর্ণনা করেছেন। উক্ত হাদীসে আছে যে, জিব্রীল

আলাইহিস্সালাম যখন নবী করীম সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লামকে ক্ষমান সম্পর্কে জিজ্ঞাসা করেন তখন তিনি উত্তরে বলেন— "ক্ষমান হচ্ছে ত্মি আল্লাহ্ তা'আলার প্রতি, তাঁর ফেরেশ্তাকুল, কিতাব সমূহ ও রাস্লগণের প্রতি এবং পরকালের প্রতি বিশ্বাস স্থাপন কববে; আর এই বিশ্বাসও স্থাপন করবে যে, তাগ্যের ভালমন্দ আল্লাহ্র পক্ষ থেকেই নির্দ্ধারিত।" উক্ত হাদীসটি ইমাম বৃখারী ও মুসলিম উভয়ই হজরত আবৃ হুরায়রা থেকে বর্ণনা করেছেন। উল্লেখ থাকে যে, আল্লাহ্ তা'আলা সম্পর্কে এবং পরকাল সংক্রোম্ব ব্যাপারসহ অন্যান্য গায়েবী বিষয়াদি, যার প্রতি প্রত্যেক মুসলমানের আস্থাবান হওয়া একান্ত অপরিহার্য, উক্ত ছয়্ম নীতিমালারই শাখা—প্রশাখা হিসাবে পরিগণিত।

প্রথম নীতিঃ আল্লাহর প্রতি ঈমান

আল্লাহ্র প্রতি ঈমানের প্রথম কথা হলো এই বিশ্বাস স্থাপন করা যে, তিনিই ইবাদতের একমাত্র যোগ্য, সত্যিকার মা'বৃদ, অন্য কেহ নয়। কেননা, একমাত্র তিনিই বান্দাদের সূষ্টা, তাদের প্রতি অনুগ্রহকারী এবং তাদের জীবিকার ব্যবস্থাপক। তিনি তাদের প্রকাশ্য—অপ্রকাশ্য যাবতীয় বিষয় সম্পর্কে পূর্ণ অবহিত এবং তিনি তার অনুগত বান্দাকে প্রতিফল দানে ও অবাধ্য জনকে শান্তি প্রদানে সম্পূর্ণ সক্ষম। আর, এই ইবাদতের জন্যেই আল্লাহ্ তা'আলা জ্বিন ও ইন্সানকে সৃষ্টি করেছেন এবং তাদের প্রতি তা বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন। যেমন, আল্লাহ্ তা'আলা বলেনঃ

﴿ وَمَا خَلَقْتُ اَلِجُنَ وَٱلْإِنسَ إِلَّا لِيَعْبُدُونِ مَا أُرِيدُ مِنْهُم مِن زِرْقِ وَمَا أُرِيدُ أَن يُطْمِمُونِ إِنَّالَةَ هُوَ ٱلرَّزَّاقُ دُو اَلْقُوَّةِ اَلْمَتِينُ ﴾

'আমি জ্বিল ও ইন্সানকে কেবল আমারই ইবাদতের জন্য সৃষ্টি করেছি। আমি তাদের নিকট কোন রিজ্ক চাই না, এটিও চাইনা যে, তারা আমাকে খাওরাবে। নিঃসন্দেহে, আল্লাহ নিজেইতো রিজেক দাতা, মহান শক্তিধর ও প্রবল পরাক্রান্ত।'
(স্রা জারিয়াত– ৫৬ ও ৫৭)

আল্লাহ তা'আলা অন্যত্ৰ বলেনঃ

﴿ يَكَأَيُّهَا النَّاسُ اعْبُدُوا رَبِّكُمُ

الَّذِي خَلَقَكُمْ وَالَّذِينَ مِن قَبِلِكُمْ لَمَلَكُمْ تَتَغُونَ الَّذِي جَمَلُ لَكُمُ الْأَرْضَ فِرَشَا وَالشَّمَاءَ مِنَا النَّيْمَاءَ مَا أَخْرَجَ بِهِ. مِنَ الشَّمَرَتِ رِزْقًا لَكُمْ فَكَلَا تَجْعَدُوا يَقِهُ النَّدَادُا وَالنَّمُ مَعْلَمُونَ ﴾.

'হে মানুষ, তোমরা তোমাদের প্রভু প্রতিপালকের ইবাদত কর যিনি ভোমাদের ও তোমাদের পূর্ববর্তী সকলকে সৃষ্টি করেছেন, যাতে ভোমরা মুন্তাকী হতে পার। তিনিই সেই প্রভু যিনি ভোমাদের জন্যে পৃথিবীকে বিছানা বর্রুপ, আকাশকে ছাদ বরুপ তৈরী করেছেন এবং আকাশ হতে বৃষ্টিধারা বর্বণ করে এর সাহাব্যে নানা প্রকার ফল—শব্য উৎপাদন করে ভোমাদের জীবিকার ব্যবস্থা করেছেন। অতএব, ভোমরা এসব কথা জেনেতনে কাউকে আল্লাহর সমকক্ষ দাঁড় করো না।'

(সূরা বাকারা- ২১, ২২)

এ সভ্যকে স্পষ্ট করে তুলে ধরার জন্যে এবং এর প্রতি উদান্ত আহবান জানিয়ে উহার পরিপন্থী বিষয় থেকে সভর্ক করে দেওয়ার উদ্দেশ্যে জাল্লাহ্ পাক যুগে যুগে বহু নবী–রাসূল পাঠিয়েছেন ও কিভাব সমূহ নাজেল করেছেন। জাল্লাহ্ পাক বলেনঃ

: ﴿ وَلَقَدْ بَعَثْنَا فِ كُلِ أَمْتَةِ رَسُولًا أَنِ اعْبُدُوا اللَّهُ وَأَجْسَنِبُوا الطَّلْغُوتَ ﴾

'প্রত্যেক জাতির প্রতি জামি রাসৃল পাঠিরেছি এই জাদেশ সহকারে যে, তোমরা একমাত্র জাল্লাহ্বরই ইবাদত কর এবং তাগুত (শয়তান বা শয়তানী শক্তি)—এর ইবাদত থেকে দূরে থাক।

(সুরা নামল- ৩৬)

আল্লাহ্ তা'আলা বলেনঃ

﴿ وَمَا أَرْسَلْنَا مِن قَبْلِكَ مِن رَّسُولِ إِلَّا نُوحِي إِلَيْهِ أَنَّهُ رُلَّ إِلَّهَ إِلَّا أَنَا فَأَعْبُدُونِ ﴾

'আমি তোমার পূর্বে যে রাসূল-ই পাঠিয়েছি তাকে এই বার্তা-ই প্রদান করেছি ষে, আমি ছাড়া (তোমাদের) আর কোন মা'বুদ নেই। অতএব, তোমরা কেবল আমারই ইবাদত কর।' (সূরা আহিয়া-২৫)

মহামহিম আল্লাহ্ তা'জালা আরো বলেনঃ

'ইহ, এমন একটি কিতাব যার খায়াতসমূহ এক প্রজ্ঞাময় সর্বজ্ঞ সঞ্জ্বার নিকট থেকে দৃঢ় প্রতিষ্ঠিত এবং সক্তিয়েরে বিবৃত রয়েছে, যেন তোমরা খাল্লাহ ব্যতীত অন্য কারো ইবাদত না কর। অনন্তর, আমি তাঁরই পক্ষ হতে তোমাদের প্রতি একজন তয় প্রদর্শনকারী ও সুসংবাদ দাতা।'

(সূরা হুদ- ১,২)

উল্লেখিত এই ইবাদতের প্রকৃত অর্থ হলোঃ যাবতীয় ইবাদত একমাত্র আল্লাহ্ পাকের তরেই নিবেদিত করা। প্রার্থনা, তয়, আশা, নামান্ধ, রোজা,

জবেহ, মানত ইত্যাদি সর্বপ্রকার ইবাদত তাঁরই প্রতি পূর্ণ ভালবাসা ব্রেখে, তাঁর মহত্মের সমূখে অবনত মন্তকে ছতরাবের আগ্রহ নিরে, শ্রদ্ধাপূর্ণ তর ও পূর্ণ বশ্যতা সহকারে সম্পাদন করা। পবিত্র কুরআন শরীকের অধিকাংশ আরাত এই মহান মৌলিক নীতি সম্পর্কেই অবতীর্ণ হয়েছে। যেমন, আল্লাহ্ পাক বলেনঃ

﴿ فَأَعْبُدِ اللَّهَ مُخْلِصًا لَهُ الدِّينَ أَلَا لِلَّهِ الَّذِينُ ٱلْخَالِصُ ﴾

'ব্ৰভএৰ তুমি এক বাল্লাহ্রই ইবাদত কর, দ্বীনকে একমাত্র ভারই জন্যে বালেছ কর। সাবধান, বালেছ দ্বীন ভো একমাত্র আল্লাহরই প্রাপ্য।' (সূরা যুমার–২,৩)

আল্লাহ পাক বলেনঃ

﴿ وَقَضَىٰ رَبُّكَ أَلَّا تَعْبُدُواْ إِلَّا إِيَّاهُ ﴾

ভোমার প্রতিপালক এই বিধান করে দিরেছেন বে, ভোমরা কেবল ভারই ইবাদত করবে, খন্য কারো নর। (সুরাইসরা–২৩)

মহামহিম জাল্লাহ্ পাক জারো বলেনঃ

﴿ فَأَدْعُوا ٱللَّهَ مُغْلِصِهِ إِنَّ لَهُ ٱلدِّينَ وَلَوْ كُرِّهِ ٱلْكَنْفِرُونَ ﴾

'জতএব, তোমরা আল্লাহকেই ডাক, নিজেদের দ্বীনকে কেবল তাঁরই জন্যে খালেছ ভাবে নির্দিষ্ট কর, কান্দেরদের কাছে তা বতই দৃঃসহ হোক নাকেন।' (সূত্রা গাকির–১৪)

সহীহ বৃধারী ও মুসলিম শরীকে হজরত মুয়াজ রোজিরাল্লাহ আনহ) হতে বর্ণিত আছে যে, নবী করীম (সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, 'বান্দার উপর আল্লাহ্র অধিকার হলো, তারা যেন কেবল তাঁরই ইবাদত করে এবং এতে অন্য কাউকে তাঁর সাথে অংশীদার না করে।'

আলাহ্র প্রতি ঈমানের আরেকটি দিক হলো— ঐ সমস্ত বিষয়ের উপর বিশ্বাস স্থাপন করা, যা আল্লাহ্ পাক তাঁর বান্দাগণের উপর ওয়াজেব ও ফরজ করে দিয়েছেন। যথাঃ ইসলামের বাহ্যিক পাঁচটি গুভ— (১) সাক্ষ্য প্রদান করা যে, আল্লাহ্ ব্যতীত অন্য কোন মা'বৃদ নাই এবং মুহাম্মদ (তাঁর উপর আল্লাহর দর্মদ ও সালাম বর্ষিত হোক) আল্লাহর রাসূল, (২) নামাজ প্রতিষ্ঠা করা, (৩) যাকাত প্রদান করা, (৪) রমজান মাসের রোজা পালন করা (৫) বায়ত্লাহ শরীফে পৌছার সামর্থবান ব্যক্তির পক্ষে হজ্জব্রত পালন করা ইত্যাদি সহ অন্যান্য ফরজগুলি, যা নিয়ে পবিত্র শরীয়া'তের আগমন ঘটেছে। উপরোক্ত গুভ বা রুকনগুলের মধ্যে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ও প্রধান রুকন হলো— এই সাক্ষ্য প্রদান করা যে, 'আল্লাহ্ ব্যতীত অন্য কোন মা'বৃদ নেই এবং মুহাম্মদ (তাঁর উপর আল্লাহর দর্মদ ও সালাম বর্ষিত হোক) আলাহ্র রাসূল।' সুতরাং 'আল্লাহ্ ব্যতীত অন্য কোন মা'বৃদ নেই' এই সাক্ষ্যের দাবীই হলো একমাত্র আল্লাহর জন্যে ইবাদতকে খালেছ করা এবং আল্লাহ্ ব্যতীত অন্য স্বকিছু হতে তা মুক্ত রাখা। এটিই হলো কালিমা—

এর প্রকৃত মর্মার্থ। কেননা, এর যথার্থ অর্থ হলো– আল্লাহ ব্যতীত জন্য কোন সন্ত্যিকার মা'বৃদ নেই। সৃতরাং তাঁকে ব্যতীত ষা কিছুর ইবাদত করা হয়, সে মানব স্প্রান হোক আর ফেরেশতা, দ্বিন বা জন্য যাই হোক, সবই বাতেল। সন্ত্যিকার মা'বুদ হলেন কেবল সেই মহান আল্লাহ তা'আলাই। আল্লাহ পাক বলেনঃ

﴿ ذَلِكَ بِأَتَ أَفَّةَ هُوَ ٱلْحَقُّ وَأَتَ مَا يَدْعُوكَ مِن دُونِهِ هُوَ ٱلْبَطِلُ ﴾

'তা এই জন্যে যে, আল্লাহ্ই প্রকৃত সত্য এবং তাঁকে বাদ দিয়ে ওরা যার ইবাদত করছে তা নিঃসন্দেহে বাতেল।' (সূরাহজ্জ-৬২)

ইতিপূর্বে বলা হয়েছে যে, আল্লাহ তা'আলা এই যথার্থ মৌলিক বিষয়ের উদ্দেশ্যেই দ্বিন ও ইন্সান সৃষ্টি করেছেন এবং তাদেরকে তা পালনেরও নির্দেশ দিয়েছেন। এরই উদ্দেশ্যে আল্লাহ্ তা'আলা তাঁর রাসৃলগণকে পাঠিয়েছেন এবং নাজেল করেছেন বীয় পবিত্র কিতাব সমূহ। সৃতরাং হে পাঠক, বিষয়ট ভাল করে তেবে দেখুন এবং এ সম্পর্কে গভীরভাবে চিন্তা করমন। আপনার কাছে নিকয়ই স্পষ্ট হয়ে উঠবে যে, অধিকাংশ মুসলমান উক্ত গুরুত্বপূর্ণ মৌলিক নীতি সম্পর্কে বিরাট অঞ্জ্ঞতার মধ্যে নিপতিত রয়েছে। ফলে, তারা আল্লাহ্র সাথে অন্যেরও ইবাদত করছে এবং তাঁর প্রাপ্য ও খালেছ অধিকার অন্যের তরে নিবেদিত করে চলছে। (আল্লাহ্ পাকই আমাদের একমাত্র সহায়)

এ বিশ্বাসও আল্লাহ্ পাকের প্রতি ঈমানের অন্তর্ভুক্ত যে, তিনিই সর্ব জগতের সৃষ্টিকর্তা, তাদের যাবতীয় বিষয়ের ব্যবস্থাপক এবং আল্লাহ্পাক বেভাবে ইচ্ছা সেভাবে দ্বীয় জ্ঞান ও কুদরতের দ্বারা ভাদেরকে নিক্সাণ করেন। তিনি দ্নিয়া—আখেরাতের মালিক ও সমগ্র জগৎবাসীর প্রতিপালক। তিনি ব্যতীত কোন স্তম্ভা নেই, নেই কোন প্রভ্ । তিনিই আপন বালাহগণের যাবতীয় সংশোধন, তাদের ইহলৌকিক ও পারলৌকিক মঙ্গল ও কল্যাণের প্রতি আহ্বান জানানোর উদ্দেশ্যে রাস্লগণকে প্রেরণ করেছেন এবং আসমানী কিতাবসমূহ নাজেল করেছেন। ঐ সমন্ত ব্যাপারে পৃত পবিত্র আলাহ তা'আলার কোন শরীক নেই।

তিনি বলেনঃ

﴿ اللَّهُ خَالِثُ كُلِّ شَيْرٌ وَهُو عَلَى كُلِّ شَيْءٍ وَكِيلٌ ﴾

'আল্লাহই প্রতিটি বস্তুর সৃষ্টিকর্তা এবং তিনিই সর্ব বিষয়ের নেগাহবান।' (সূরা যুমার– ৬২)

সঠিক ধর্ম বিশ্বাস ও উহার পরিপন্থী বিষয় আল্লাহ্ তা'আলা আরো বলেনঃ

﴿إِنَ رَبَّكُمُ اللهُ الَّذِي خَلَقَ السَّمَوَيْ عَلَى الْمَرِّينِ يُغْضِي اللَّهَ الَّذِي خَلَقَ السَّمَوَيْ عَلَى الْمَرِّينِ يُغْضِي اللَّهَ اللَّهُ وَاللَّمْرُ تَبَّارَكَ اللَّهُ رَبُّ اللَّهُ رَبُّ اللَّهُ مَرَّبُ اللَّهُ مَرْبُ اللَّهُ مَرْبُ اللَّهُ مَرْبُ اللَّهُ مَرْبُ اللَّهُ مَنْ اللَّهُ اللَّهُ مَنْ اللَّهُ اللَّهُو

নিশ্চয়ই তোমাদের প্রভূ হলেন আল্লাহ, যিনি আকাশ মন্ডল ও পৃথিবীকে ছয় দিনে সৃষ্টি করেছেন। অতঃপর তিনি আরশের উপর বিরাজমান হলেন। তিনি রাতকে দিনের উপর সমাচ্ছর করে দেন, যাতে রাত দ্রুতগতিতে দিনের অনুসরণ করে চলে। আর তিনি সৃষ্টি করেছেন সূর্য, চন্দ্র ও তারকারাজি সবই তাঁর নির্দেশে পরিচালিত। জেনে রাখো, সৃষ্টি আর হকুম প্রদানের মালিক তিনিই। চির মঙ্গলময় মহান আল্লাহ তিনিই সর্বজগতের শ্রভু।

আল্লাহ তা'আলার প্রতি ঈমানের আরেকটি দিক হলো, পবিত্র মহান কুরআন শরীফে উদ্ধৃত এবং বিশ্বস্ত রাসূলে করীম হতে প্রমাণিত আল্লাহ তা'আলার সর্ব সুন্দর নামসমূহ ও তাঁর সর্বোত্রত গুণরাজ্রির উপর কোন প্রকার বিকৃতি, অন্বীকৃতি, ধরণ–গঠন বা সাদৃশ্য আরোপ না করে বিশ্বাস স্থাপন করা। এগুলি যেভাবে এসেছে ঠিক সেভাবেই কোন ধরণ–গঠন নির্ণয় না করে উহার মহান অর্থগত দিক সমূহের উপর অবশ্যই বিশ্বাস স্থাপন করে নিতে হবে। কেননা, এগুলিই আল্লাহ তা'আলার সেইসব গুণাবলী যদ্বারা কোন সৃষ্টির সাথে সাদৃশ্য আরোপ না করে যথোপযুক্তভাবে তাঁকে বিশেষিত করতে হবে। আল্লাহ তা'আলা বলেন–

﴿ لَيْسَ كُمِثْلِهِ ، شَعَىٰ وَهُوَ السَّمِيعُ ٱلْمَصِيرُ ﴾

'কোন কিছুই তার সদৃশ নেই। তিনি সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।' (সুরা শূরা– ১১)

আল্লাহ্ তা'জালা আরো বলেনঃ

﴿ فَلَاتَضْرِبُواْ يَلِهِ ٱلْأَمْثَالَ إِنَّ ٱللَّهَ يَعْلُمُ وَأَنتُمْ لَآتُعْلَمُونَ ﴾

'সূতরাং তোমরা জাল্লাহ্র কোন সদৃশ স্থির করো না, নিঃসন্দেহে জাল্লাহ্ই জানেন, তোমরাজান না।' (সূরা নাহন– ৭৪)

এই হলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহ অলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণ ও তাঁদের নিষ্ঠাবান অনুসারী আহলে সূত্রাত ওয়াল জামাআ'তের আকীদা বা ধর্ম বিশাস। ইমাম জাবুল হাসান আল—আশ'জারী (রাহমাতুরাহি জালাইহি) তাঁর الصيت واعل السنة নামক গ্রন্থে এই আকীদার কথাই উদ্বুত করেছেন। এভাবে ইশুম ও ঈমানের বিজ্ঞজনেরাও তা বর্ণনা করে গেছেন। ইমাম আওযায়ী (আল্লাহ তার উপর রহমত বর্ষণ করুন) বলেনঃ ইমাম জুবুরী ও মাক্ত্লকে আল্লাহ তা'আলার গুণরাজি সম্পর্কিত জান্নাতগুলি সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তাঁরা উন্তরে বলেনঃ 'এগুলি বেভাবে এসেছে ঠিক সেভাবেই মেনে নাও।' ওয়ালীদ বিন মুসলিম ভোঁর উপর অল্লাহর রহমত বর্ষিত হউক) বলেনঃ ইমাম মালেক, আওযায়ী, লাইছ বিন সা'দ ও সৃফ্ইয়ান ছাওরীকে আল্লাহর গুণরাজি সম্বন্ধে বর্ণিত হাদীস সমূহ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তাঁরা সকলেই উন্তরে বলেনঃ 'এগুলি যেভাবে এসেছে ঠিক সেভাবেই কোন ধরণ-প্রকরণ নির্ণয় ব্যতিরেকে মেনে নাও।' ইমাম আওযায়ী বলেনঃ বহল সংখ্যায় তাবেয়ীগণের জীবন্দশায় আমরা বলাবলি করতাম যে, আল্লাহ পাক তাঁর আরশের উপর বিরাজমান রয়েছেন এবং হাদীস শরীফে বর্ণিত তাঁর সব গুণাবলীর উপর আমরা বিশ্বাস স্থাপন করি। ইমাম মালেকের উস্তাদ রাবী'আ বিন আবু আব্দুর রহমানকে (আল্লাহ তাঁদের উভয়ের উপর রহমত বর্ষণ করন। । । (আরশের উপর আল্লাহর সমাসীন হওয়া) সম্পর্কে যখন জিজাসা করা হয় তখন তিনি বলেনঃ আরশের উপর আল্লাহর সমাসীন

হওয়া জ্জানা ব্যাপার নয়; তবে এর বান্তব ধরণ আমাদের বোধগম্য নহে।
আল্লাহর পক্ষ থেকেই আসে ব্রেসালাত, আর রাস্লের দায়িত্ব হলো
ল্পাইভাবে এর ঘোষণা করা এবং আমাদের কর্তব্য হলো এর প্রতি বিশ্বাস
স্থাপন করা। ইমাম মালেককে (রাহিমান্তল্লাহ)— ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৯৯৯ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১৮ ১৯৯৯ ১

উপরোক্ত বিষয়ে ইমামগণের অনেক বক্তব্য রয়েছে। এ সংকিও পরিসরে এর বিস্তারিত উল্লেখ সম্ভব নয়। কারো এর অধিক জানার আগ্রহ হলে সূরী আলেমগণ কর্তৃক উক্ত বিষয়ের উপর রচিত বিভিন্ন গ্রন্থাবলী পর্যালোচনা করে দেখুন। উদাহরণ বরূপ কয়েকটি গ্রন্থের নাম উল্লেখ করছি। যথাঃ

- (১) আব্দুল্লাহ বিন ইমাম আহমদ রচিত কিতাবৃস সুরাহ
- (২) প্রখ্যাত ইমাম মুহাম্মদ বিন খুযাইমা– ,, কিতাবৃত তাওহীদ
- (৩) আবুল কাসেম লালকায়ী তাবারী- ,, কিতাবৃস সূন্নাহ
- (৪) আবু বকর বিন আবি আ'ছি- ,, ,, ,,
- (৫) শেখুল ইসলাম ইবনে তাইমিয়্যার— ,, হুমাতবাসীদের প্রতি প্রদন্ত জবাব।

এই গ্রন্থানা অতি উপকারী এক মহৎ জবাবনামা। এতে শায়খুল ইসলাম অতি চমৎকারতাবে আহিলে সুনাতের আকীদা তুলে ধরেছেন এবং তালের বহুবিধ উক্তিসহ বৃদ্ধিবৃত্তিক ও ধর্মীয় দলীল প্রমাণ উদ্ধৃত করেছেন, যা আহলে সুনাতের বক্তব্যের বিশুদ্ধতা ও তাদের বিপক্ষীয় বক্তব্যের বাতুলতা সঠিকভাবে প্রমাণিত করে।

(৬) শায়বৃদ ইসলামের রচিত অনুরূপ আরেকটি কিতাব 'রেসালায়ে তাদমুরিয়া, নামে পরিচিত। এই পৃস্তিকায় তিনি উক্ত বিষয়টি সবিস্তারে আলোচনা করেন। বিতির উক্তি ও যুক্তি সহকারে আহলে সুরাতের আকীদা স্পষ্টতাবে বর্ণনা করেন এবং এমনতাবে বিরুদ্ধবাদীদের প্রত্যুত্তর প্রদান করেন যে, সত্যানেষী ও সরল—সাধু যে কোন জ্ঞানভাজন ব্যক্তি একটু চিত্তা করলেই তাঁর কাছে সত্য উদ্ভাসিত ও বাতেল বিলুপ্ত হতে দেরী হবে না। আর যে কেউ আল্লাহ্ পাকের পবিত্র নামসমূহ ও গুণরাজি সংক্রান্ত বিশ্বাসে আহলে সুরাত্তর বিরোধীতা করবে সে নিশ্চিতভাবেই পরল্পর বিরোধী বিশ্বাসে এবং উদ্বৃতি ও যুক্তিগত অকাট্য প্রমাণাদির বিপক্ষে নিপতিত হবে।

আহলে সূনাত ওয়াল জামাআ'ত আল্লাহ তা'আলার জন্য এসব গুণাবলী সাদৃশ্যহীনভাবে প্রতিষ্ঠিত করেন যা.তিনি বীয় মহান গ্রন্থ কুরআন শরীকে অথবা তাঁর রাসৃল হজরত মুহাম্মদ সাল্লাল্লাছ আলাই হৈ ওয়া সাল্লাম তাঁর সহীহ হাদীস সমূহে আল্লাহর জন্যে প্রতিষ্ঠা করেছেন। তাঁরা আল্লাহ পাককে তাঁর সৃষ্টির সদৃশ হওয়া থেকে এমনভাবে পৃত পবিত্র রাখেন যার মধ্যে তা'তীল বা গুণমুক্ত হওয়ার কোন লেশ থাকে না। ফলে, তাঁরা পরস্পর বিরোধী আল্লা থেকে মুক্ত হয়ে সমূহ দলীল—প্রমাণের ভিত্তিতে আল্লাহর গুণাবলীর উপর বিশ্বাস স্থাপন করে থাকেন। কল্পুতঃ আল্লাহ পাকের বিধাদই হলো, যে জন রাস্লগণের মাধ্যমে প্রেরিত সত্যকে আঁকড়ে ধরে তার সমৃদয় সার্মর্থ সে পথে ব্যয় করে এবং নিষ্ঠার সাথে এর অবেষায় থাকে, তাকে আল্লাহ পাক সত্যের পথে চলার তৌফিক দান করেন এবং তার বক্তব্যকে বিজয়ী করে দেন। আল্লাহ পাক বলেনঃ

﴿ بَلْ نَقْلِفُ بِٱلْمَيْ عَلَى ٱلْبَطِلِ فَيَدْمَنُكُ فَإِذَا هُوزَاهِنَّ ﴾

'বরং আমিতো বাতেলের উপর সত্যের আঘাত হেনে থাকি, ফলে তা অসত্যকে চূর্ণ–বিচূর্ণ করে দেয় এবং তৎক্ষণাৎই বাতেল বিলুপ্ত হয়ে বার।' স্বেরা আমিরা– ১৮)

আল্লাহ তা'আলা আরেকটি আয়াতে বলেনঃ

'আর যখনই তারা তোমার সম্থাধ কোন নৃতন কথা নিম্নে এসেছে, সঙ্গে সঙ্গে আমি এর জবাব তোমাকে জানিয়ে দিরেছি এবং অভি উন্তমভাবে মূল কথা ব্যক্ত করে দিয়েছি।' (সূরা সুর্কান–৩৩)

হাফেজ ইবনে কাছীর রোহমাতৃল্লাহি আলাইহি) তাঁর বিখ্যাত তাফসীর শ্বন্থে আল্লাহ পাকের বাণীঃ

'বন্ধৃতঃ তোমাদের প্রভৃ সেই আল্লাহ যিনি আকাশ মন্ডল ও পৃথিবীকে ছয় দিনের মধ্যে সৃষ্টি করেন, অতঃপর তিনি আরশের উপর সমাসীন হন।' (সূরা আরাক-৫৪)

এর ব্যাখ্যা প্রসঙ্গে র্জতি সৃন্দর কথা বলেছেন। বা জভ্যন্ত উপকারী বিধায় এখানে প্রনিধানযোগ্য মনে করি। তিনি বলেনঃ

'এ প্রসঙ্গে শোকদের বক্তব্য অনেক, এর বিত্তারিত বর্ণনার স্থান এখানে নর। আমরা এ ব্যাপারে ঐ পথই গ্রহণ করবো, যে পথে চলেছেন পূর্বেকার मुर्तामा यनीवी देयाय यालक, जालवात्री, हालत्री, नादेह दिन मा'म, শাকেরী, আহমদ, ইস্হাক বিন রাহওরার সূহ ডৎকালীন ও পরবর্তী মুসলমানদের ইমামগণ। আর তা হলোঃ আল্লাহ তা'আলার গুণাবলীর বর্ণনা বেভাবে আমাদের কাছে পৌছেছে ঠিক সেভাবেই তা মেনে নেওয়া, এর কোন ধরণ, সাদৃশ্য বা গুণ বিমৃক্তি নির্ণয় ব্যতিরেকেই। সাদৃশ্য পছীদের यखिएक शब्य मात्रारे जान्नार्त्र छगावनी मानार्क य कवनात छमग्र घर्ট ভা ৰাক্সাহ পাক থেকে সম্পূৰ্ণরূপে বিদূরিত। কেননা, কোন ব্যাপারেই কোন সৃষ্টি জাল্লাহ্র সদৃশ হডে পারে না। তাঁর সমতৃদ্য কোন বৰু নেই, তিনি সর্বশ্রোতা, সর্বন্তই।। প্রকৃতপকে বিষর্টি তদ্রুপই, বেরূপ প্রছের ইযামগণ ৰলে গেছেন। তাঁদের মধ্যে ইমাম বৃখারীর উদ্ভাদ নয়ীম বিন হামাদ আল খুজারী অন্যতম। তিনি বলেছেনঃ যে লোক আল্লাহ্কে তাঁর সৃষ্টির সাথে কোন ব্যাপারে সদৃশ মনে করে সে কাফের এবং যে আল্লাহর সব গুণরাজি অশ্বীকার করে যা দারা তিনি নিচ্চেকে বিশেষিত করেছেন, সেও কাফের। ক্ষেননা আল্লাহকে বন্ধং তিনি বা তাঁর রাসূল যেসব গুণরাজির দারা বিশেষিত করেছেন সৃষ্টির সাথে সেগুলোর কোন সাদৃশ্য নেই। সূতরাং যে ৰ্যক্তি ৰাল্লাৰ ভা'ৰাশার ভন্যে কুরআন শরীফের স্পষ্ট আয়াত ও সহীহ হাদীস সমৃহে বর্ণিভ গুণরাজি এমনতাবে প্রতিষ্টা করে যা, আল্লাহ তা'আলার মহন্ত্রের সাৰে মানানসই হয় এবং তাঁকে বাবতীয় অপূর্ণতা, খুঁত বা ক্রুটি-বিচ্যুত্তি খেকে পাক-পবিত্র রাখে সে ব্যক্তিই হেদায়াতের পথ সঠিকতাবে অনুসরণ করে চলে।

দ্বিতীয় নীতিঃ ফেরেশতাদের প্রতি ঈমান

ফেরেশতাগণের প্রতি ব্যাপক ও বিশদভাবে বিশ্বাস স্থাপন করতে হবে।
একজন মূললমান ব্যাপকতাবে এ বিশ্বাস স্থাপন করবে যে, আল্লাহ
তা'আলার বিপুল সংখ্যক ফেরেশতা রয়েছেন। তাদেরকে তিনি নিজ্
আনুগত্যের জন্যে সৃষ্টি করেছেন। তাদের বর্ণনা দিয়ে তিনি বলেছেন যে,
তারা আল্লাহর আগেভাগে কোন কথা বলে না বরং তারা সর্বদা তাঁর
আদেশানুসারে নিজ্ক নিজ্ক দায়িত্ব পালন করে চলে। আল্লাহ তা'আলা বলেনঃ

﴿ عِبَادٌ مُّكُرَمُونَ لَايَسْيِغُونَهُ يَالْفَوْلِ وَهُم يِأَمْرِهِ ، يَصْمَلُونَ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَاخَلَقَهُمْ وَلَا يَشْفَعُونَ } لِلَّالِينِ أَرْتَضَىٰ وَهُم مِنْ خَشْيَةٍ ، مُشْفِقُونَ ﴾

"তাদের সম্মূখে এবং পশ্চাতে যা কিছু আছে সবকিছুই তাঁর জানা রয়েছে। যাদের পক্ষে সুপারিশ শুনতে আল্লাহ রাজী হবেন কেবল তাদের জন্যেই তারা সুপারিশ করবে। আর তাঁরা (ফেরেশতারা) আল্লাহর ভয়ে সদ। সর্বদা ভীত সন্তুম্ভ থাকে।" (সূরা আহিয়া–২৮)

আল্লাহর ফেরেশতাগণ অনেক প্রকার দায়িত্বে নিয়োজিত রয়েছে। তন্মধ্যে একদল তাঁর আরশ উদ্যোলনের কাজে, অপর একদল বেহেশ্ত-দোযখের তত্ত্বাবধানে এবং আরেক দল মানুষের আমলনামা সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত রয়েছে।

আর আমরা বিশদতাবে ঐসব ফেরেশতাদের প্রতি বিশাস স্থাপন করব যাদের নাম আল্লাহ ও তাঁর রাসূল উল্লেখ করেছেন। যেমন, জিবরীল, মীকাঈল, মালিক– তিনি দোযখের তত্ত্বাবধায়ক এবং ইসরাফীল– তিনি মহা প্রলয়ের দিন শিক্ষায় ফৃৎকার দেওয়ার দায়িত্বে রয়েছেন। একাধিক সহীহ হাদীসে তাঁর কথা উল্লেখ আছে। হন্ধরত আয়েশা (রাঃ) হতে বণিত এক সহীহ হাদীসে প্রমাণিত আছে যে, নবী করীম সাল্লাল্লাহ আলাইটি

ওরাসাল্লাম বলেছেন— "ফেরেশ্তাগণ নূরের সৃষ্টি, জ্বিনকুল খাটি আগুন থেকে সৃষ্টি এবং আদমকে বা দিয়ে সৃষ্টি করেছেন তা আল্লাহ তা'আলা ক্রেআনের বিভিন্ন আয়াতে) তোমাদেরকে বলে দিয়েছেন।" ইমাম মুসলিম উক্ত হাদীসটি সনদ সহ বীয় সহীহ গ্রন্থে বর্ণনা করেছেন।

তৃতীয় নীতিঃ আসমানী কিতাবসমূহের প্রতি ঈমান

এভাবে আল্লাহ তা'আলার কিতাব সমূহের প্রতি ঈমান আনয়নের ক্ষেত্রে ব্যাপকতাবে এ বিশ্বাস স্থাপন করতে হবে যে, আল্লাহ পাক আপন সড্যের ঘোষণা এবং এর প্রতি আহ্বান জানানোর উদ্দেশ্যে তাঁর নবী ও রাসূলগণের উপর বহুসংখ্যক কিতাব অবতীর্ণ করেছেন। আল্লাহ পাক বলেনঃ

﴿ لَقَدْ أَرْسَلْنَارُ سُلْنَا إِلْيَتِنَتِ وَأَنْزَلْنَامَعَهُ مُ ٱلْكِنْبُ وَٱلْمِيزَابَ لِيَقُومَ ٱلنَّاسُ بِٱلْفِسْطِ ﴾

'আমি আমার রাসৃলগণকে সূলাষ্ট নিদর্শনাদি সহ পাঠিয়েছি এবং তাদের সাথে কিতাব ও মানদন্ত নাজেল করেছি, যাতে লোক ইনসাফ ও সুবিচারের উপর প্রতিষ্ঠিত হতে পারে।' (সূরাহাদীদ–২৫)

আল্লাহ তা'আলা আরো বলেনঃ

﴿ كَانَ ٱلنَّاسُ أُمَةً وَحِدَةً فَعَثَ ٱللَّهُ ٱلنَّاسِ أُمَةً وَحِدَةً فَعَثَ ٱللَّهُ ٱلنَّبِيِّنَ مُبْشِيرِيكَ وَمُعْذِدِينَ وَأَنزَلَ مَعَهُمُ ٱلْكِنْبَ بِالْحَقِ لِيَحْكُمْ بَيْنَ ٱلنَّاسِ فِيمَا ٱخْتَلَقُوا فِيهِ ﴾ فيه ﴾

'প্রথমদিকে মানুষ একই পথের অনুসারী ছিল। অনন্তর আল্লাহ নবীদের প্রেরণ করেন সঠিক পথের অনুসারীদের জন্য সৃসংবাদদাতা এবং বিভান্তদের জন্য ভীতি প্রদর্শনকারী হিসেবে। আর, তাদের সাথে নাজেল করেন সভ্যের প্রভীক কিতাব সমূহ, এ উদ্দেশ্যে যে, লোকদের মধ্যে যেসব বিষয়ে মতবিরোধ সৃষ্টি হয়েছে তিনি তার চূড়ান্ত ফয়সালা করে দেন।'

(সূরা বাকারা– ২১৩)

আর বিশদভাবে আমরা ঐসব কিতাবের প্রতি বিশ্বাস স্থাপন করবো বেগুলোর নাম আল্লাহ তা'আলা বিশেষভাবে উল্লেখ করেছেন। যেমন, তাওরাত, ইঞ্জিল, যব্র ও কুর্আন। এগুলোর মধ্যে কুরআনই সর্বোত্তম ও সর্বশেষ কিতাব যা পূর্ববর্তী অপর কিতাব সমূহের সংরক্ষক ও সত্যায়নকারী। সমগ্র উত্মতকে ইহারই অনুসরণ করতে হবে এবং রাস্পুল্লাহ (সাল্লাছা আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণিত সহীহ সুন্নাত সহ ইহারই ফয়সালা মেনে নিতে হবে। কেননা, আল্লাহ পাক তাঁর নবী মুহাত্মদকে (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) সমগ্র জ্বিন ও ইন্সানের প্রতি রাস্প হিসাবে প্রেরণ করেছেন এবং তাঁর প্রতি এই মহান কিতাব 'কুরআন শরীফ' নাজ্বেল করেছেন এবং তাঁর প্রতি এই মহান কিতাব 'কুরআন শরীফ' নাজ্বেল করেছেন; যাতে তিনি (রাস্প) ইহা ঘারা লোকদের মধ্যে ফয়সালা করেন। উপরস্থু, আল্লাহ তা'আলা এই কুরআনকে তাদের অন্তরস্থ যাবতীয় ব্যাধির প্রতিকার, তাদের প্রতিটি বিষয়ের স্পষ্ট প্রতিপাদক এবং মৃ'মেনদের জন্য হেদায়াত ও রহমত স্বরূপ অবতীর্ণ করেছেন। আল্লাহ তা'আলাবলেনঃ

﴿ وَهَلَذَا كِلنَّاثِ أَنْزَلْنَهُ مُبَارَفُهُ فَأَتَّبِعُوهُ وَآتَّقُواْ لَمَلَّكُمُّ تُرْحَمُونَ ﴾

"আর, ইহা এক মহাকল্যাণময় গ্রন্থ যা আমি অবতীর্ণ করেছি। সূতরাং তোমরা ইহারই অনুসরণ কর এবং তাকওয়াপূর্ণ আচরর্ণ-বিধি গ্রহণ কর। তাহলে তোমাদের প্রতি রহমত নাঞ্চেল হবে।

(সূরা ভান্ভাম - ১৫৫)

আল্লাহ তা'আলা আরো বলেনঃ

﴿ وَنَزَّلْنَا عَلَيْكَ ٱلْكِتَنَبَ بَنْيَنَا لِكُلُّ شَيْءِ وَهُدًى وَرَحْمَةُ وَلِمُثْرَى لِلْمُسْلِمِينَ ﴾

'আমি মুসলমানদের জন্য প্রত্যেকটি বিষয়ে স্পষ্ট ব্যাখ্যা বরূপ, পথ নির্দেশ, রহমত ও সুসংবাদ বরূপ তোমার প্রতি এই কিতাব অবতীর্ণ করলাম।' (সূরা নাহল– ৮৯)

আল্লাহ তা'আলা অন্যত্ৰ বলেনঃ

و قُلْ يَتَانَّهُ النَّاسُ إِنِّ رَسُولَ اللَّهِ إِلَيْكُمْ جَمِيعُ الَّذِى لَهُ مُلْكُ السَّارَاتِ وَالْأَرْضُ لَا إِلَهُ إِلَّاهُ وَيُمْ وَيُمْ وَيُمْ وَيُمْ وَاللَّهِ وَرَسُولِهِ النَّيِيِّ مَا اللَّهِ وَرَسُولِهِ النَّيِيِّ اللَّهِ وَرَسُولِهِ النَّيِيِّ اللَّهِ وَاللَّهِ وَرَسُولِهِ النَّيِيِّ اللَّهِ وَكُلُمَ لَهُ اللَّهِ وَكُلُمَ لَهُ اللَّهُ وَلَا اللَّهُ وَكُلُمَ لَهُ وَلَا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ وَلَا اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّ

"(হে রাসূল) বল, ওহে মানবমন্তলী। নিশ্চয়ই আমি তোমাদের সকলের প্রতি প্রেরিত সেই আল্লাহর রাসূল যিনি জমীন ও আকাশ সমুহের একচ্ছ্রে মালিক। তিনি ব্যতীত আর কোন মা'বুদ নেই, তিনিই জীবন মৃত্যু দান করেন। অতএব, তোমরা আল্লাহ ও তাঁর নিরক্ষর নবীর প্রতি ঈমান আন, যে আল্লাহ ও তাঁর সকল বাণীর প্রতি বিশ্বাস রাখে। আর তোমরা তার অনুসরণ কর যাতে তোমরা সরল সঠিক পথের সন্ধান লাভ করতে পার।"

(সুরা আ'রাফ– ১৫৮)

উপরোক্ত অর্থে কোরত্মানে করীমে আয়াতের সংখ্যা অনেক।

চতুর্থ নীতিঃ রাসুলগণের প্রতি ঈমান

আল্লাহর প্রেরিত রাসৃলগণের প্রতিও ব্যাণক ও বিশদভাবে বিশ্বাস স্থাপন করতে হবে। সূতরাং আমরা বিশ্বাস করি যে, আল্লাহ পাক আপন বান্দাদের প্রতি তাদের মধ্য হতে বহু সংখ্যক রাসৃল শুভ সংবাদবাহী, ভীতি প্রদর্শনকারী ও সত্যের পানে আহবায়ক রূপে প্রেরণ করেছেন। যে ব্যক্তি তাদের আহ্বানে সাড়া দিয়েছে সে সৌতাগ্যের পরশ লাভ করেছে, আর যে তাদের বিরোধীতা করেছে সে হতাশা ও অনুশোচনার শিকারে নিপতিত হয়েছে।

রাসুলদের মধ্যে সর্বশ্রেষ্ট ও সর্বশেষ হলেন আমাদের প্রিয় নবী হজরত মুহাম্মদ বিন আব্দুলাহ (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম)। আল্লাহ তা'আলা বলেনঃ

﴿ وَلَقَدْ بَعَثْنَا فِ كُلِ أَمَّةِ رَّسُولًا أَنِ اعْبُدُواْ اللَّهَ وَأَجْسَنِبُواْ ٱلطَّاعُوتَ ﴾

'প্রত্যেক জ্বাতির প্রতি আমি রাসূল পাঠিয়েছি এই আদেশ সহকারে যে, তোমরা আল্লাহর ইবাদত কর এবং তাগুতের (শয়তান বা শয়তানী শক্তির) ইবাদত থেকে দূরে থাক।' (সূরা নাহাল– ৩৬)

আল্লাহ তা'আলা আরো বলেনঃ

ه رُسُلًا مُبَيْرِينَ وَمُنذِدِبِنَ لِتُلَّايَكُونَ لِلنَّاسِ عَلَى اللَّهِ حُجَّةُ ابْعَدَ ٱلرُّسُلِ ﴾

'আমি তাদের সবাইকে শুত সংবাদবাহী ও সতর্ককারী রাসৃল হিসাবে প্রেরণ করেছি যাতে এই রাস্লগণের আগমণের পর মানুষের পক্ষে আল্লাহর বিরুদ্ধে কোন অভিযোগ না থাকে।' (সূরা নিসা– ১৬৫)

বারাহ তা'বালা বন্যত্র বলেনঃ

﴿ مَا كَانَ مُحَمَّدُ أَبَّا أَحَدِمِن رِّجَالِكُمْ وَكَكِن رَّسُولَ ٱللَّهِ وَخَاتَمَ ٱلنَّبِيِّسَنَ

'মুহামদ ভোমাদের পুরুষদের মধ্যে কারো পিতা নয় বরং সে তো আল্লাহর রাসূল ও সর্বশেষ নবী।' (সুরা আহ্বাব– ৪০)

ঐ সমন্ত নবী–রাসুলগণের মধ্যে আল্লাহ যাদের নাম উল্লেখ করেছেন বা বাদের নাম রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে প্রমাণিত হরেছে তাদের প্রতি আমরা বিশদভাবে ও নিদিষ্ট করে বিশ্বাস স্থাপন করি। বেমন— হজরত নৃহ, হুদ, সালেহ, ইব্রাহীম ও অন্যান্য রাসূলগণ। আল্লাহ তাদের সকলের উপর, তাদের পরিবারবর্গ ও অনুসারীদের উপর রহমত ও শান্তিবর্বণকর্মন।

পঞ্চম নীতিঃ আখেরাতের দিনের উপর ঈমান

পরকাল সম্পর্কে আল্লাহ তা'আলা ও তাঁর রাসূল সোল্লাল্লাহ আলাইহি তারা সাল্লাম) কর্তৃক প্রদন্ত যাবতীয় সংবাদের প্রতি বিশ্বাস স্থাপন আবেরাতের দিনের উপর ঈমানের অর্প্তভূত। মৃত্যুর পর যা কিছু ঘটবে—বেমন, কবরের পরীক্ষা, সেখানকার আযাব ও নেয়ামত এবং রোজ কেয়ামতের তয়াবহতা ও প্রচন্ডতা, পূলসিরাত, দাঁড়িপাল্লা, হিসাব নিকাশ,

প্রতিফল প্রদান, মানুষের মধ্যে তাদের আমলনামা বিতরণ; তখন ক্ষেত্রীতা ডা ডান হাতে গ্রহণ করবে আবার কেউবা তা বাম হাতে বা পিছনের দিক হতে গ্রহণ করবে ইত্যাদি সব কিছুর উপর বিশাস স্থাপন উক্ত ঈমানের আওতাভূক্ত। এতঘ্যতীত আমাদের প্রিয় নবী হচ্চরত মুহামদ (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম)—এর অবতরণের জন্য নির্ধারিত হাউজে কাওসার, বেহেশত—দোযখ, মুমেন বান্দাগণ কর্তৃক তাদের প্রভূ পাকের দর্শন লাভ এবং তাদের সাথে আল্লাহর কথোপকথন সহ জন্যান্য থাকিছু কুরআনে কারীম ও রাস্প্রাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম হতে বিভদ্ধতাবে বর্ণিত হাদীসে উল্লেখ রয়েছে তার প্রতি বিশাস স্থাপনও আখেরাতের দিনের উপর ইমানের অন্তর্গত। সুতরাং উপরোক্ত সব কয়টি বিষয়ের উপর আল্লাহ ও তাঁর রাসুল কর্তৃক নির্দেশিত পত্নায় বিশাস স্থাপন করা আমাদের উপর ওয়াজিব।

ষষ্ঠ নীতিঃ ভাগ্যের প্রতি ঈমান

ভাগ্যের প্রতি ঈমান বলতে নিম্মোক্ত চারটি বিষয়ের উপর বিশাস স্থাপন বৃঝায়ঃ –

শ্রথমতঃ এই বিশ্বাস স্থাপন করা যে, অতীতে যা কিছু ছিল এবং বর্তমান বা ভবিষ্যতে যা কিছু হচ্ছে বা হবে তার সবকিছুই আল্লাহ পাকের জানা আছে। তিনি আপন বালাদের যাবতীয় অবস্থা সম্পর্কে অবহিত। তাদের রিজিক, তাদের মৃত্যুক্ষণ, তাদের দৈনন্দিন কার্যাবলীসহ অন্যান্য সব বিষয়াদি সম্পর্কে তিনি সম্যক অবগত, কোন কিছুই তাঁর অগোচরে নেই। তিনি পৃত-পবিত্র মহান। এ সম্পর্কে আল্লাহ পাক বলেনঃ

﴿ إِنَّ ٱللَّهَ بِكُلِّ شَيَّ ءٍ عَلِيمٌ ﴾

সঠিক ধর্ম বিশ্বাস ও উহার পরিপন্থী বিষয় 'নিক্যয়ই আল্লাহ প্রভ্যেকটি বস্তু সম্পর্কে সর্বাধিক জ্ঞাত।' (সুরা আল–আন্কাবুত– ৬২)

মহামহিম আল্লাহ পাক আরো বলেনঃ

'যাতে তোমরা জানতে পার যে, আল্লাহ সব কিছুর উপর শক্তিমান এবং এ কথাও জানতে পার যে, আল্লাহর জ্ঞান সব কিছুই পরিব্যপ্ত হয়ে আছে।' (সূরা তালাক- ১২)

বিতীয়তঃ এই বিশ্বাস স্থাপন করা যে, জাল্লাহ পাক যা কিছু নিদ্ধারণ ও সম্পাদন করেছেন সব কিছুই তাঁর লিখা রয়েছে। এ সম্পর্কে জাল্লাহ পাক বলেনঃ

'পৃথিবী তাদের দেহ থেকে যা কিছু ক্ষয় করে তা আমার জানা আছে এবং আমার নিকট একটি সংরক্ষক কিতাব রয়েছে।' (সূরাক্বাফ–৪)

আল্লাহ তা'আলা আরও বলেনঃ

'এবং আমি প্রতিটি বস্তু একটি স্পষ্ট কিতাবে সংরক্ষিত রেখেছি।' (সূরা ইয়াসীন– ১২)

আল্লাহ তা'আলা অন্যত্ৰ বলেনঃ

﴿ الْمِنْعَلَمُ أَتَ اللَّهَ يَعْلَمُ مَا فِ السَّمَاءِ وَالْأَرْضِ إِنَّ ذَلِكَ فِي كِتَنْ إِنَّ ذَلِكَ عَلَى اللَّهُ عَلَيْهُ عَلَيْهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْهُ عَلَى اللَّهُ عَلَى اللّهُ عَلَى اللَّهُ عَلَّهُ عَلَى اللَّهُ عَلَى الل

'তোমার কি জানা নেই, আকাশ ও পৃথিবীতে যা কিছু রয়েছে জাল্লাহ তা অবগত আছেন? নিশ্চয়ই উহা একটি কিতাবে সংরক্ষিত আছে। উহা আল্লাহর নিকট অতি সহজ।'
(সূরা হজ্জ- ৭০)

ভৃতীন্নতঃ আল্লাহ তা'আলার কার্যকরী ইচ্ছার প্রতি বিশ্বাস স্থাপন করা। তিনি যা ইচ্ছা করেন তাই হয় এবং যা ইচ্ছা করেন না তা হয় না। এ সম্পর্কে সাপ্লাহ তা'আলা বলেনঃ

﴿ إِنَّ ٱللَّهُ يَفْعَلُ مَا يَشَآءُ ﴾

'আল্লাহ যা ইচ্ছা তা করেন।'

(সূরা হজ- ১৮)

মহা মহিম আল্লাহ আরও বলেনঃ

﴿ إِنَّمَا أَمْرُ مُإِذَا أَرَّادَ مَنْكِنًا أَن يَقُولَ لَهُ كُن فَيكُونُ ﴾

'বস্তুতঃ তিনি যখন কোন কিছুর ইচ্ছা করেন তখন তার কাজ তুধু এই হয় যে, তিনি তাকে বলেন 'হও' ফলে অমনি তা হয়ে যায়।'

(সূরা ইয়াসীন– ৮২)

আল্রাহ তা'আলা অন্যত্র বলেনঃ

﴿ وَمَانَثَآءُونَ إِلَّا أَن يَثَآءَ اللَّهُ رَبُّ ٱلْمُلْكِمِينَ ﴾

°আর, আসলে তোমাদের চাওরার কিছু হয় না, বতক্প না আল্লাহ রারুশ আলামীন চাহেন।' (সূরা তাক্তীর– ২৯)

চতুর্বতঃ এই বিশাস রাখা যে, সমগ্র বব্দুজগত আগ্রাহ পাকের সৃষ্টি। তিনি ব্যতীত না আছে কোন স্রষ্টা না আছে কোন প্রত্-প্রতিপাদক। আগ্রাহ পাক এ প্রসঙ্গে বলেনঃ

﴿ ٱللَّهُ خَلِقُ كُلِّ شَيْءٌ وَهُوَعَلَىٰ كُلِّ شَيْءٍ وَكُيلٌ ﴾

'আল্লাহ পাক প্রতিটি কর্ত্তর সৃষ্টিকর্তা এবং তিনিই সবকিছুর কর্মবিধারক।' (সূরাযুমার–৬২)

আল্লাহ আ'আলা আরও বলেনঃ

'হে লোকগণ, তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ শ্বরণ কর। আল্লাহ ব্যতীত কি তোমাদের কোন সৃষ্টা আছে যে তোমাদিগকে আকাশ ও পৃথিবী হতে রিজ্ঞিক দান করে? তিনি ব্যতীত অন্য কোন মা'বুদনেই। সূতরাং ভোমরা কোন্ পথে পরিচালিত হচ্ছো?' (সূরাফাতির-৩)

ফলকথা, ভাগ্যের উপর ঈমান বলতে আহলে সুনাত ওয়াল জামাতের মতে উপরোক্ত চারটি বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপনকেই বৃঝায়। পক্ষান্তরে, বিদআ'ত পন্থীরা উহার কোন কোনটি অশ্বীকার করে থাকে।

উল্লেখযোগ্য যে, আল্লাহর উপর ঈমানের মধ্যে এ বিশ্বাসও অন্তর্ভুক্ত রয়েছে যে, ঈমান মানে কথা ও কাজ যা পূণ্যে বৃদ্ধি এবং পাপে হ্রাস পায়।

একথাও ঈমানের জন্তর্ভুক্ত বে, কুফরী ও শিরক ব্যতীত কোন কবীরা জনাহ— যেমন, ব্যতিচার, চ্রি, সৃদ প্রহণ, মদ্যপান, পিতামাতার জবাধ্যতা ইত্যাদির জন্য কোন মুসলমানকে কাকের বলা যাবে না, যতক্ষণ না সে তা হালাল বলে গণ্য করবে। আল্লাহ তা'আলা বলেনঃ

﴿ إِنَّ اللَّهَ لَا يَفْ فِرُ أَن يُشْرَكَ بِهِ ، وَيَغْفِرُمَا دُونَ ذَاكِ لَمَن يَشَاهُ ﴾

'নিচয়ই আল্লাহ তাঁর সাথে শিরক করার অপরাধ ক্ষমা করেন না। এতদ্বাতীত সবকিছু যাকে ইচ্ছা তিনি ক্ষমা করেন।' (সূরা নিসা– ১১৬)

ছিতীয় প্রমাণ হলো, রাসূলুক্লাহ সাক্লাক্লাছ আলাইহি ওয়াসাক্লাম হতে একাধিক মৃতাওয়াতির হাদীসে বর্ণিত আছে বে, আল্লাহ তা'আলা পরকালে আগুল হতে এমন লোককেও মৃক্ত করবেন যার অন্তরে (এ জগতে) রাই পরিমাণ ঈমান বিদ্যমান ছিল।

আল্লাহর পথে প্রীতি—ভালবাসা, বিদ্বেষ, বন্ধুত্ব এবং শক্রতা পোষণ করাও আল্লাহর প্রতি ঈমানের অন্তর্গত। সূতরাং মু'মিন ব্যক্তি অপর মু'মিনদের ভালবাসবে এবং তাদের সাথে সম্প্রীতি বজার রেখে চলবে। পক্ষান্তরে, সে কাফেরদের প্রতি বিদ্বেষ পোষণ করবে এবং তাদের সাথে বৈরীতা বজার রাখবে। এই মুসলিম উন্ধতে মুমেনদের শীর্ষস্থানে রয়েছেন রাসূলে করীম সাল্লাল্লাছ আলাইহি ওরা সাল্লামের সাহাবীগণ। তাই, আহলে সুরাত ওরাল জামাত তাঁদের প্রতি সম্প্রীতি ও গতীর ভালবাসা পোষণ করে। আর এ কথাও বিশ্বাস করে যে, এরাই নবীকূলের পর সর্বোন্তম মানবগোষ্ঠী। নবী করীম সাল্লাল্লাছ আলাইহি ওরা সাল্লাম বলেনঃ

خير الناس قرني ثم الذين يلونهم ثم الذين يلونهم متفق على صحته

সঠিক ধর্ম বিশাস ও উহার পরিপন্থী বিষয়

'সর্বোল্ডম মানবগোষ্ঠী আমার যুগের লোকেরা, তারপর তাদের পরবর্তী যুগের মানুষ এবং তারপর এদের পরবর্তীগণ।' (অত্র হাদীসের বিশুদ্ধতার উপর বুখারী ও মুসলিম একমত)

তাঁরা জারও বিশ্বাস করেন যে, এই সর্বোজ্যম মানবগোষ্ঠীর মধ্যে হজরত আবু বকর সিদ্দীক হলেন সর্বোজ্যম, তারপর হজরত উমর ফারুক, তারপর উছমান জুনৃনূরাইন, তারপর হজরত আলী মূরতাজা (তাঁদের সবার উপর জাল্লাহর সম্ভষ্টি বর্ষিত হউক)। তাঁদের পর হলেন বেহেশেতর সূসংবাদ প্রাপ্ত জপর সাহাবীগণ এবং তারপর হলো বাকী সব সাহাবীগণের স্থান। (আল্লাহ তাঁদের উপর সন্তুষ্ট হোন)। তাঁরা (আহলে সূত্রাত ওয়াল—জামা'ত) সাহাবীদের মধ্যে সংঘটিত বাদ—বিসংবাদ সম্পর্কে কোনরূপ মন্তব্য থেকে বিরত থাকেন। তাঁরা বিশ্বাস করেন যে, সাহাবীগণ ঐ সব ব্যাপারে মূজতাহিদ ছিলেন। যাদের ইজতেহাদ সঠিক ছিল তাঁরা দ্বিশুণ ছাওয়াবের অধিকারী, আর, যাদের ইজতেহাদে ভূল ছিল তাঁরা এক গুণ ছাওয়াবের অধিকারী। তাঁরা রাস্লুল্লাহর প্রতি বিশ্বাসী তাঁর বংশধরদের ভালবাদেন এবং তাঁদের প্রতি ভক্তি প্রদর্শণ করেন। তাঁরা মূমিনগণের মাতৃকুল রাস্লুল্লাহর সহুর্ঘিমিনীদের ভক্তি করেন এবং তাঁদের সকলের জন্যে জাল্লাহর সন্তুষ্টি কামনাকরেন।

এভাবে আহলে সূনাত ওয়াল জামা'তের লোকেরা নিজেদেরকে রাফেজীদের নীতি থেকে মুক্ত রাখেন। রাফেজীরা রাসূল সাল্লাল্লাছ আলাই হি ওয়াসাল্লামের সাহাবীগণের প্রতি বিদ্বেষ ভাব পোষণ করে এবং ভাঁদের প্রতি কটুক্তি উচ্চারণ করে। অপরপক্ষে ভাঁরা আহলে বায়তের প্রতি সীমাতিরিক্ত ভক্তি প্রদর্শন করে এবং ভাঁদেরকে আল্লাহ কর্তৃক প্রদন্ত স্থানের আরো উপরে মর্যাদা প্রদান করে। এইভাবে আহলে সূনাত ওয়াল জামা'য়াত ঐ সমস্ত নাসিবীদের নীতি থেকেও নিজেদেরকে মুক্ত রাখেন, যারা, কোন কোন কথা ও কাজের দারা আহলে বায়তকে যন্ত্রণা প্রদান করে। আমি এই সংক্ষিপ্ত পরিসরে যা উল্লেখ করেছি সমস্তই সেই বিশুদ্ধ আকীদা বা ধর্ম—

সঠিক ধর্ম বিশাস ও উহার পরিপদ্ধী বিষয়

বিশ্বাসের অন্তর্ভুক্ত যা দিয়ে আল্লাহ তা'আলা তাঁর প্রিয় রাসূল হজরত মুহাম্মদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে প্রেরণ করেছেন। এটিই নাজাত প্রাপ্ত আহলে সূত্রাত ওয়াল জামা'য়াতের ধর্মবিশ্বাস, যাদের সম্পর্কে নবী ক্রীয় সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লায় তবিষ্যদ্বাণী করে বলেছিলেনঃ

• لاتزال طائفة من امتي على انحق منصورة لا يضرهم من خذلهم حتى ياتي امر الله سبحانه،

'আমার উন্মতের একটি দল সর্বদা সত্যের উপর সাহায্য প্রাপ্ত হয়ে টিকে থাকবে। কারো অপমান, অত্যাচার তাদের ক্ষতি সাধন করতে পারবে না, যতক্ষণ না আল্লাহ পাকের নির্দেশ (কিয়ামত) সমুপস্থিত হবে।' তিনি আরোবলেনঃ

وافترقت اليهود على إحسدى وسبعين فرقة وافترقت النصارى على اثنتين

وسبعين فرقة، وستفترق هذه الأمّة على ثلاث وسبعين فرقة كلها في النار إلّا واحدة،

'ইত্দী সম্প্রদায় একান্তর দলে বিভক্ত হলো এবং বৃষ্টান সম্প্রদায় বাহান্তর দলে বিভক্ত হলো, আর, আমার এই উম্মত তিয়ান্তর দলে বিভক্ত হবে। তন্মধ্যে একটি বাদে সবক'টি দলই জাহান্নামে যাবে।' তখন সাহাবীগণ বলে উঠলেনঃ হে আল্লাহর রাসুল, সেটি কোন্ দল হবে? উদ্ভরে তিনি বললেনঃ

'যে দল আমার ও আমার সাহাবীদের অনুসৃত নীতির উপর চলবে।' এই নীতিই সেই আকীদা বা ধর্ম বিশ্বাসের নামান্তর যার উপর দৃঢ়ভাবে অটল থাকা এবং তার পরিপন্থী বিষয় হতে সতর্ক থাকা সকলের পক্ষে একান্ত অপরিহার্য। আর যারা এই আকীদা হতে পথত্রষ্ট এবং এর বিপরীত পথে পরিচালিত, তারা কয়েক প্রকারে বিভক্ত। যথা– মূর্তিপৃক্ষক,

সঠিক ধর্ম বিশাস ও উহার পরিগন্ধী বিষয়

প্রতিমাপৃত্তক, ক্ষেরেশতা, আওলিয়া, দ্বিল, বৃক্ষ, প্রস্তর ইত্যাদির ইবাদতকারীগণ। এসব লোক আল্লাহর রাসৃশদের আহ্বানে সাড়া না দিক্রে তাঁদের বিরোধিতা ও শক্রতা করেছে— যেমনটা করেছে কুরাইশ ও বিভিন্ন আরব গোত্রে আমাদের প্রিয় নবী হজরত মৃহামদ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের সাথে। তারা তাদের মা'বৃদদের কাছে শ্বীয় অতাব পুরণের, রোগমৃক্তি ও শক্রর উপর বিজয় লাডের জল্য প্রার্থণা জানাতো এবং এই মা'বৃদদেরই উদ্দেশ্যে জবাই ও মানত নিবেদন করতো। ফলে, যখনই রাসৃশুলাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম তাদের এসব কর্মকান্ডের বিরুদ্ধে দাঙ্গালেন এবং তাদেরকে একমাত্র আল্লাহরই উদ্দেশ্যে ইবাদত খালেছ করার জন্য আহ্বান জানালেন তখনই তারা এই আহ্বানকে অশ্বাভাবিক মনে করে এর বিরুদ্ধে উঠে পড়ে লাগলো এবং বলতে লাগলোঃ

:﴿ أَجَمَلُ لَآلِكُمُ إِلَّهُمَا وَحِدًا إِنَّ هَلَنَا لَشَيُّهُ عُجَابٌ ﴾

'সে কি বহু মা'বুদের পরিবর্তে মাত্র এক মা'বুদ বানিয়ে নিশ? এ তো এক নিশ্চিত অদ্মুত ব্যাপার।' (সূরা ছাদ- ৫)

অনন্তর, রাসৃশুল্লাহ তাদেরকে আল্লাহর প্রতি ডাকতে থাকেন এবং শিরক থেকে তীতি প্রদর্শন ও তাদের কাছে স্বীয় আহবানের হাকীকত বিশ্লেষণে আত্মনিয়োগ করেন। যার ফলে আল্লাহ পাক প্রথম দিকে তাদের কিছুসংখ্যক লোককে হেদায়াত দান করেন এবং পরে তারা দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করে। এইতাবে রাসৃলে করীম সাল্লাল্লাহ আলাইহি ওরা সাল্লাম, তাঁর সাহাবীগণ ও তাঁদের নিষ্ঠাবান অনুসারী তাবেয়ীনদের ধারাবাহিক প্রচার ও দীর্ঘ সংগ্রামের পর আল্লাহর দীন অন্যান্য সমৃদর ভ্রান্ত দ্বীনের উপর বিজয়ী বেশে আত্ম প্রকাশ করলো।

সঠিক ধর্ম বিশ্বাস ও উহার পরিশন্থী বিষয়

অতঃপর অবস্থার পরিবর্তন ঘঠে এবং অধিকাংশ লোক অক্সতার শিকারে নিপতিত হওয়ার ফলে এমন হলো যে, সংখ্যাগুরু জনগণ আরিয়া-আওলিয়াগণের প্রতি সীমাতিরিক্ত ভক্তি, তাদের নামে ডাকা, তাদের নিকট অনুগ্রহ প্রার্থণা সহ অন্যান্য শিরকের মাধ্যমে ইসলাম পূর্ব জাহেলী যুগের দীনে কিরে গেল। তারা কালেমা— 'লা ইলাহা ইলাল্লাহু' এর প্রকৃত অর্থ এতটুকু অনুধাবনে ব্যর্থতার পরিচয় দিল, যতটুকু আরবের কাকেরগণ উপলব্ধি করতে শেরেছিল। আল্লাহই আমাদের একমাত্র সহার।

অক্তার প্রাধান্য ও নবুওরাতের যুগ হতে দ্রত্তের ফলে বর্তমান কাল পর্যন্ত মানুবের মধ্যে ব্যাপকতাবে উক্ত শিরক ছাড়িয়ে রয়েছে। আজকের এই মুশরিকদের উক্ত ভ্রান্ত ধারণা হবহু পূর্ববর্তী মুশরিকদের মধ্যেও বিদ্যমান ছিল। তাদের কথা ছিলঃ

﴿ هَتُؤُلَّاهِ شُفَعَتُونًا عِندَاللَّهِ ﴾

'ভারা আল্লাহর নিকট আমাদের সূপারিশকারী।' সেরা যুনুস– ১৮) '

ভাদের একথাও ছিল – ﴿ مَانَمُبُدُّ مُنَمْ إِلَّا لِيُمَرِّبُونَا إِلَى اللّهِ زُلْفَى ﴾ 'আমরাভো এগুলির ইবাদত এজন্য করি যে, এরা আমাদের আল্লাহর সারিখ্যে এনে দেবে।' (সূরা যুমার ৩)

আল্লাছ ভা'আলা এ আন্তির অপনোদন করে স্পাষ্ট বলে দিলেন বে, আল্লাছ ভিন্ন কারো ইবাদত করা সে বে কেউ হোক না কেন আল্লাহর সাথে শিরক ও কুকরী করার নামান্তর। যেমন আল্লাহ ভা'আলা বলেনঃ

﴿ وَبَصْبُدُونَ مِن دُوبِ اللَّهِ مَا لَا يَضُرُّهُمْ وَلَا يَنفُكُمْ وَيَعُولُونَ هَـُولُا مَـ اللَّهُ اللَّه شُفَعَتُونًا عِندَاللَّهِ ﴾

সঠিক ধর্ম বিশ্বাস ও উহার পরিপদ্বী বিষয়

'তারা আল্লাহ ব্যতীত এমন বস্তুর ইবাদত করছে যা তাদের ক্ষতিও করতে পারে না, উপকারও করতে পারে না। তদুপরি তারা বলে যে, এগুলো আল্লাহর নিকট আমাদের সুপারিশকারী।' সূরা য়্নুস – ১৮)

জাল্লাহ ভা'জালা ভাদের বক্তব্য নাকচ করে দিয়ে বলেনঃ

﴿ فَلْ آتُنَيْنُونَ اللَّهَ بِمَا لَا يَعْلَمُ فِ ٱلسَّمَوَتِ وَلَا فِٱلْأَرْضِ سُبْحَنَهُ, وَتَعَلَىٰ عَمَا يُشْرِكُونَ ﴾

'(হে রাসূল) তাদেরকে বল, তোমরা কি আল্লাহকে আকাশ মন্ডলী ও গৃথিবীর এমন কিছুর সংবাদ দিচ্ছ যা তিনি জানেন না? তিনি পৃত-পবিত্র, ভারা যাকে শরীক করে তা থেকে তিনি বহু উধ্বো।' সূরা য়ুনুস-১৮)

এই আয়াতে আল্লাহ তা'আলা স্লাষ্ট করে বলে দিলেন যে, তিনি তিন্ন কোন ওলী, পরগাষর বা অন্য কারো ইবাদত করা মহা শিরক, যদিওবা শিরককারীরা এর অন্য নাম দিয়ে থাকে। আল্লাহ তা'আলা বলেনঃ

﴿ وَٱلَّذِيكَ ٱتَّخَذُواْ مِن دُونِهِ ۚ أَوْلِيكَآ ءَ مَانَعْبُدُهُمْ إِلَّا لِيُقَرِّبُونَاۤ إِلَى ٱللَّهِ زُلْفَيّ ﴾

'যারা আল্লাহর পরিবর্তে অন্যকে অভিভাবকরণে গ্রহণ করে তারা বলেঃ আমরা তো এদের ইবাদত এজন্যই করি যে, এরা আমাদের আল্লাহর সারিধ্যে এনে দিবে।' (সূরা যুমার – ৩)

আল্লাহ পাক তাদের উন্তরে বলেনঃ

﴿ إِنَّ اللَّهَ يَعْكُمُ بَيْنَهُ مَ فِي مَاهُمْ فِيهِ يَخْتَلِفُونَ إِنَّ اللَّهَ لَا يَهْدِى مَنْ هُوَكَّنِدِبُّ كَفَّارُ ﴾

সঠিক ধর্ম বিশ্বাস ও উহার পরিপন্থী বিষয়

'তারা যে বিষয়ে পরস্পরের মধ্যে মততেদ করছে আল্লাহ নিচয়ই তাদের মধ্যে এর ফয়সালা করে দিবেন। নিচয়ই আল্লাহ তাজালা এমন ব্যক্তিকে হেদায়াত দান করেন না যে জ্বল্য মিধ্যুক, সন্ত্য প্রত্যাখ্যানকারী।'

(সূরা যুমার - ৩)

উপরোক্ত বাণীর মাধ্যমে আল্লাহ পাক একথাটি পরিষ্কার করে বলে দিয়েছেন যে, দৃ'আ, ভয়–ভীতি, আশা–ভরসা ইত্যাদির মাধ্যমে আল্লাহ ভিন্ন অন্য কারো ইবাদত করার অর্থ আল্লাহ পাকের সাথে কৃফরী করা এবং 'তাদের মা'বুদগণ তাদেরকে আল্লাহর সান্নিধ্যে নিয়ে আসবে' এ কথাটি তাদের একটি ক্রঘন্যভম মিধ্যা বৈ কিছুই নয়।

বিশুদ্ধ আকীদার পরিপন্থী ও আল্লাহর রাস্লগণ (তাঁদের উপর দর্মদ ও সালাম বর্ষিত হউক) কর্তৃক প্রচারিত ধর্ম বিশাসের বিরোধী একটি মতবাদ হলো বর্তমান কালে নান্তিকতা ও কৃফরীর ধ্বজাবাহী মার্কস—লেনিন প্রমুখ পন্থীদের ভ্রান্ত মতবাদ। তারা একে সমাজতন্ত্র, কমিউনিজম বা জন্য যে কোন নামেই প্রচার করুক না কেন, এইসব নান্তিকদের মূলমন্ত্র হলোঃ 'মা'বুদ বা উপাস্য বলতে কেউ নেই এবং এই পার্থিব জীবন একটি করুগত ব্যাপার মাত্র।' পরকাল, বেহেশ্ত, দোয়খ এবং সমস্ত ধর্মের প্রজি জবীকৃতি তাদের মৌলিক নীতিমালার অন্তর্ভুক্ত। তাদের বই—পুশ্বক পর্যালোচনা করলে একথা নিচিতভাবে উপলব্ধি করা যায়। নিঃসন্দেহে এটা সমস্ত ঐশী ধর্মের সম্পূর্ণ পরিপন্থী এক মতবাদ, যা দুনিয়া ও আথেরাতে এর অনুসারীদের এক চরম অশুভ পরিণতির দিকে পরিচালিত করছে।

এইভাবে সত্যের পরিপন্থী আরেকটি মতবাদ হলোঃ কোন কোন বাতেনী ও সৃফীবাদীদের এই বিশ্বাস যে, তথাকথিত কোন ওলী এ সৃষ্ট জগতের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে আল্লাহর শরীক রয়েছেন। তারা তাদেরকে কৃত্ব, ওতদ, গাওস ইত্যাদি বিভিন্ন নামে অভিহিত করে। তারাই বীয়

সঠিক ধর্ম বিশ্বাস ও উহার পরিপন্থী বিষয়

মা'বৃদদের জনে। এসব নাম উদ্ভাবন করেছে। আল্লাহর প্রভূত্বে এটি একটি জ্বলাভম শিরক। ইহা ইসলাম পূর্ব জাহেলী যুগের শিরক থেকেও জ্বলা। কেননা, আরবের কাথেরগণ আল্লাহর প্রভূত্বে শিরক করেনি, তাদের শিরক ক্রিনা, তাদের শিরক ক্রেনি, তাদের শিরক ক্রেনিত। এ প্রসঙ্গে আল্লাহ পাক বলেনঃ

﴿ فَإِذَا رَكِبُواْ فِ الْفُلْكِ دَعُواْ اللَّهَ تُغْلِصِينَ لَهُ اللِّينَ فَلَمَّا غَسَّلَهُمْ إِلَى المَرِّ إِذَا هُمْ يُشْرِكُونَ ﴾

'যখন তারা জলথানে আরোহণ করে তখন বিশুদ্ধ চিন্তে একনিষ্ঠতাবে আল্লাহকে ডাকে। তারপর যখন আল্লাহ তাদেরকে স্থলে ভিড়ায়ে উদ্ধার করে নেন তখন তারা শিরকে শিঙ্ক হয়ে যায়।'

(স্রা আন্কার্ত- ৬৫)

প্রভূত্ত্বের প্রশ্নে ভারা শীকার করতো থে, ইহা একমাত্র ভাষাহরই অধিকার। আল্লাছ পাক বলেনঃ

﴿ وَلَيِن سَأَلْتَهُم مِّنْ خَلَقَهُمْ لَيَقُولُنَّ ٱللَّهُ ﴾

'আর যদি তুমি ভাদেরকে জিজ্ঞাসা কর, কে ভাদেরকে সৃষ্টি করেছে? উন্তরে ভারা অবশ্যই বলবে 'আল্লাহ'।' (স্রা যুখ্রুফ-৮৭) আলার ভা'আশা অন্যত্র বলেনঃ

﴿ قُلُ مَن يَرْزُقُكُم مِنَ السَّمَآءِ وَالْأَرْضِ أَمَّن يَمْلِكَ السَّمْعَ وَالْأَنْصَارَ وَمِن عُمْرِجُ الْحَقَ مِنَ الْمَيْتِ وَيُحْرِجُ الْمَيْتَ سِكَ الْحَيِّ وَمَن يُدَيِّرُ الْأَثْرَ فَسَيَقُولُونَ اللهُ فَقُلُ أَفَلًا نَلْقُونَ ﴾

সঠিক ধর্ম বিশ্বাস ও উহার পরিপন্থী বিষয

'বল, আকাশ ও পৃথিবী হতে কে ভোমাদের রিজিক সরবরাহ করে অথবা প্রবণ ও দৃষ্টি শক্তি কার কর্তৃত্বাধীন এবং কে জীবিতকে মৃত হতে নির্গত করে এবং কে মৃতকে জীবিত হতে নির্গত করে? আর কে যাবতীর বিষয় নিয়ন্ত্রণ করে? তখন তারা বলবে, 'আল্লাহ।' বল, তবৃও কি ভোমরা সাবধানহবেনাং' (সূরা য়ুনুস– ৩১)

এ প্রসঙ্গে কুরজান শরীফে জায়াতের সংখ্যা জনেক রয়েছে। এদিকে পরবর্তীকালের মুশরিকগণ পূর্ববর্তীদের চেয়ে জারো দৃটি বিষয়ে জ্ঞাগামীরয়েছে।

প্রথমতঃ তাদের কেউ কেউ জাল্লাহর প্রভৃত্বে শিরক করে। বিতীয়তঃ সৃদিনে ও দূর্দিনে উভয় অবস্থায় তারা শিরক করে।

একথা কেবল এসব লোকেরাই ভাল করে জানতে পারবে যারা ওদের সাথে মিশে বচকে তাদের প্রকৃত অবস্থা পরীকা করে দেখার স্যোগ লাভ করবে এবং প্রত্যক্ষভাবে এসব ক্রিয়া কাভ অবলোকন করবে যা মিশরস্থ হুসাইন, বাদাভী গংদের কবরে, ইডেনস্থ ইদরুসের কবরে, ইয়ামনে আল হাদীর কবরে, সিরিয়ার ইবনে আরবীর কবরে, ইয়াকে শারথ আপুল কাদির জিলানীর কবর সহ বিভিন্ন প্রসিদ্ধ সমাধি ক্ষেত্রের আশেপাশে দৈনন্দিন ঘটে চলছে। এসব স্থানে সাধারণ লোকেরা মৃত্তের প্রতি সীমাভিরিক্ত ভক্তি প্রদর্শন করছে এবং সেখানে আল্লাহ পাকের বহু অধিকার ধর্ব করছে। অথচ অতি অল লোকই তাদের এসব অপকীর্তির বিরুদ্ধে সোচার হয়ে প্রকৃত ভাওহীদের বাণী তাদের কাছে উপস্থাপিত করার সাহস করছে, বে ভাওহীদের বাণী সহকারে আল্লাহ পাক তার প্রিয় নবী হজরত মৃহামদকে সোল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম) ও তার পূর্ববর্তী রাসুলগণকে (তাদের প্রতি রহমত ও শান্তি বর্ষিত হউক) প্রেরণ করেছেন।

(আমরা আল্লাহরই জন্য এবং নিশ্চিতভাবে তাঁরই পানে আমরা প্রত্যাবর্তনকারী)

সঠিক ধর্ম বিশাস ও উহার পরিপদ্বী বিষয়

আল্লাই পাকের দরবারে প্রার্থনা করি, তিনি যেন ঐসব লোককে সঠিক পথে ফিরিয়ে আনেন এবং তাদের মধ্যে সৎপথে আহবানকারীদের সংখ্যা বৃদ্ধি করেন। আর, মুসলমান শাসকবৃন্দ ও উলামায়ে কেরামকে শিরকের বিরুদ্ধে সংগ্রাম এবং এর যাবতীয় উপকরণ নির্মূল সাধনের তৌফিক দান করেন। নিশ্চয়ই তিনি সর্বশ্রোতা, অতি সরিকট।

আল্লাহ পাকের নাম ও গুণাবলীর ক্ষেত্রে সঠিক ধর্মবিশ্বাসের পরিপন্থী আরও কয়েকটি আকীদা হলো জাহ্মিয়্যাহ, মৃ'তাযিলা ও তাদের অনুসারী বিদআ'ত পন্থীদের মতবাদসমূহ। এরা মহামহিম আল্লাহ পাকের প্রকৃত গুণাবলী অস্বীকার করে এবং তাঁকে সুসম্পূর্ণ ও নিখুঁত গুণাবলী থেকে বিমুক্ত বলে বিশ্বাস করে। পক্ষান্তরে, তারা আল্লাহকে অন্তিত্বহীনতা, জড়তা ও অসম্ভাব্য গুণে বিশেষিত করার প্রয়াস পায়। প্রকৃতপক্ষে আল্লাহ পাক তাদের এসব অপবাদ হতে বহু উর্ধ্বো

এতদ্যতীত, যারা আল্লাহ পাকের কোন কোন গুণ প্রতিষ্ঠিত করে এবং অপর কোন কোন গুণ অশ্বীকার করে তারাও উপরোক্ত ভ্রান্ত মতবাদীদের অন্তর্ভুক্ত। উদাহরণ বরূপ আশৃ'আরী পদ্বীদের নামোক্লেখ করা যায়। কেননা, কিছুসংখ্যক গুণের শ্বীকৃতির মধ্যেই তাদের পক্ষে ঐসব গুণাবলীর অনুরূপ অর্থ গ্রহণ করা অপরিহার্য হয়ে পড়ে, যেগুলো তারা সরাসরি উপেক্ষা করতঃ তার প্রমাণাদির অপব্যাখ্যা প্রদানের প্রচেষ্টা চালায়। এতাবে তারা ক্রুত ও প্রমান্য উত্তয় প্রকার দলীলগুলোর বিরোধীতা এবং পরুলার বিরোধী বিশ্বাসের ঘূর্নিপাকে নিপতিত হয়ে পড়ে। পক্ষান্তরে, আহলে সুরাত ওয়াল—জামাত আল্লাহর ঐসমন্ত পবিত্র নাম ও নিশ্বত গুণাবলী প্রতিষ্ঠিত করে যেগুলো নিজের জন্য তিনি বয়ং বা তাঁর রাসুল মুহাম্মদ সোল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম) প্রতিষ্ঠিত করেছেন। তাঁরা আল্লাহ পাককে তাঁর সৃষ্টির সাদৃশ্য থেকে এমনভাবে পৃত পবিত্র রাখেন যাতে তা'তীল বা গুণ বিমৃক্তির কোন লেশ থাকে না। এভাবে তারা এ সম্পর্কে সমুদয় প্রমাণাদির উপর আমল করতে সক্ষম হয় এবং এর কোনরূপ বিকৃতি বা

সঠিক ধর্ম বিশ্বাস ও উহার পরিপন্থী বিষয়

তা'তীল না করে পরম্পর বিরোধী বিশ্বাস থেকে নিরাপদ থাকে। এই বিশ্বাসই দুনিয়া ও আখেরাতে মৃক্তি ও সৌতাগ্য লাভের একমাত্র উপায় এবং এটিই হলো, সেই 'সীরাতে মৃক্তাকীম' যার পথিক ছিলেন পূর্ববর্তী মুসলিম উশ্বত ও তাদের ইমামবর্গ। একথা অতীব সত্য যে, পরবর্তী লোকগণ কেবল সে পথেই পরিশুদ্ধ হতে পারে, যে পথে তাদের পূর্ববর্তীরা পরিশুদ্ধ হয়ে গেছেন। আর সে পথিট হলো— 'কুরজান ও সূত্রাতের সঠিক জনুসরণ এবং এতদোতয়ের পরিশন্থী বিষয়সমূহ বর্জন করে চলা।'

আল্লাহই আমাদের তৌফিক দাতা, তিনিই আমাদের জন্য যথেষ্ট এবং শরমোন্তম প্রভৃ। তিনি ব্যতীত কারো কোন শক্তি সামর্থ নেই। আল্লাহ তাঁর বান্দাহ ও রাসুল হজরত মুহাম্মদ, তাঁর পরিবারবর্গ ও তাঁর সাহাবীদের উপর দরদ ও সালাম বর্ষণ করুন।

ः नयासः

সূচী পত্ৰ

	বিষয়	পृष्ठी नः
31	সঠিক ধর্ম বিশ্বাস ও উহার ছয়টি মৌলিক নীতি মালা	2
श	প্রথম,নীতি ঃ আল্লাহর প্রতি ঈমান	æ
७।	ষিতীয় নীতি : ফেরেশতাদের প্রতি ঈমান	29
81	ভৃতীয় নীতি : আসমানী কিতাব সম্হের প্রতি ঈশান	72
æ1	চতুর্থ নীতি : রাস্লগণের প্রতি ঈমান	42
৬।	পঞ্চম নীতি ঃ আখেরাতের দিনের উপর ঈমান	44
91	ষষ্ট নীতি : ভাগ্যের প্রতি ঈমান	২৩
١٦	আল্লাহর প্রতি বিশ্বাসের অন্তর্ভুক্ত কয়েকটি বিষয়	২৭
١٧	সূরী জামাতের পরিচয়	२४
201	পরবর্তী কালের মৃশরিকগণ	હ
22.1	বিশুদ্ধ আকীদার পরিপদ্ধী বিষয়	99

বৃষ্টি পড়ার পর অর্থ্রহ করে অন্যক্ত হতে পাল্লে। ওমন স্থানে রাখুন, শাঙে অন্য ভাই উপকৃত হতে পাল্লে।

لنبلع الإسلام معا

من إنجازات المكتب

قسم الجاليات

إسلام أكثر من ثلاثة آلاف شخص مابين رجل وامرأة

> إقامة 11 رحلة للحج

١١ رحلة للعمرة

تفطــير أكثــر من تسعـــة آلاف صائم في شهــر رمضـــان.

إقامـــة ستــــة دروس مستمــرة للجاليــات بعــدة لغــات.

قسيم الدعيوة

طباعــة العديـــد مـــن الكتــب والمطويـــات وتوزيـــع الأشرطـــة السمعيـــة.

دعم المشاريع الدعوية والعلمية والتوعوية صلاحا للبلاد والعباد.

التنسيق المستمر للعلماء وطلبة العلسم في الحاضرات والسدورات العلميسة والكلمات التوجيهية بشكـل أسبوعس.

إقامـــة ١٣ درســـا أسبوعيــــا في المساجد .

لطلب الكميات/ الإنصال بقسم الدعوة في الكتب



المكتب لتعاوني للرعوة والايشار ووعية الحاليات النسيم

الربــــاض - حـــي المنـــــار - خلــــف مستشفــــي اليمامـــــة

هاتف/ ۱۲۵۰۱۹۵ – ۱۲۳۵۰۱۹۵ - فاکس/ ۱۲۳۰۱۶۹۵ رقم افساب: ۲۵۱۰۰۴۹۰۰/۶

مطبعة دار طبية ـ الرياض ـ ت: ٤٢٨٣٨٤٠